নেটওয়ার্কিং হল পেশাগত এবং সামাজিক উভয় ক্ষেত্রেই সম্পর্ক তৈরির প্রক্রিয়া। এটি কেবল পেশার উন্নতি নয়, বরং সামাজিক সংযোগের ক্ষেত্রেও গুরুত্বপূর্ণ। একটি কার্যকর নেটওয়ার্ক শিক্ষার্থীদের মেন্টরশিপ, প্রশিক্ষণ ও নতুন ধারণা গ্রহণে সহায়তা করে। যখন শিক্ষার্থীরা বিভিন্ন ক্ষেত্রের পেশাজীবীদের সাথে সম্পর্ক তৈরি করে, তখন তারা বিভিন্ন দৃষ্টিকোণ ও অভিজ্ঞতা অর্জন করে যা তাদের পেশাগত দক্ষতা বৃদ্ধি করে। নেটওয়ার্কিংয়ের মাধ্যমে শিক্ষার্থীরা তাদের দক্ষতা ও অভিজ্ঞতার ভিত্তিতে চাকরির সুযোগের বিষয়ে সচেতন হতে পারে। পাশাপাশি তারা যখন জানেন যে তাদের পেশাগত নেটওয়ার্কে অভিজ্ঞ পেশাজীবী রয়েছেন, তখন তারা তাদের সমস্যাগুলোর সমাধানে সহায়তা পেতে পারে। একটি শক্তিশালী নেটওয়ার্ক ছাত্রজীবনে নানা ধরনের সুযোগ নিয়ে আসে - এটি শুধুমাত্র চাকরির সুযোগ নয়, বরং সৃজনশীল প্রকল্প, ব্যবসায়িক সহযোগিতা এবং নতুন উদ্যোগের ক্ষেত্রেও সহায়ক হয়। অতএব, নেটওয়ার্কিং শিক্ষার্থীদের পেশাগত জীবনে সাফল্যের জন্য একটি অপরিহার্য মাধ্যম।

নেটওয়ার্কিংয়ের মাধ্যমে ক্যারিয়ার গঠনে সুবিধা

নেটওয়ার্কিংয়ের মাধ্যমে শিক্ষার্থীরা পেশাগত জীবনে বিভিন্ন সুবিধা পেতে পারে। যেমন–

নতুন কাজের সুযোগ : নেটওয়ার্কিংয়ের মাধ্যমে নতুন চাকরির সুযোগের সন্ধান পাওয়া সহজ হয়। অনেক সময় নেটওয়ার্কের মাধ্যমে শিক্ষার্থীরা চাকরির বিজ্ঞপ্তির আগে থেকেই কাজের সম্ভাবনা সম্পর্কে জানতে পারে।

পেশাগত পরামর্শ এবং মেন্টরশিপ : অভিজ্ঞ পেশাজীবীদের সাথে সম্পর্ক গড়ে তোলার মাধ্যমে শিক্ষার্থীরা মেন্টরশিপ পেতে পারে যা তাদের ক্যারিয়ার গঠনে সহায়ক হয়।

দক্ষতা উন্নয়ন : বিভিন্ন পেশাজীবীর সাথে মতবিনিময়ের মাধ্যমে শিক্ষার্থীরা নতুন দক্ষতা ও জ্ঞান অর্জন করতে পারে যা তাদের একাডেমিক ও পেশাগত জীবনে সহায়ক ভূমিকা রাখে।

পেশাগত বিশ্বাসযোগ্যতা বৃদ্ধি : পেশাগত নেটওয়ার্ক বিস্তৃত হলে একজন ব্যক্তির পেশাগত বিশ্বাসযোগ্যতা বৃদ্ধি পায়, যা ভবিষ্যতের ক্যারিয়ার অগ্রগতিতে সহায়তা করে।

বিশ্ববিদ্যালয়ে পড়াকালীন সময়ে নেটওয়ার্ক গড়ে তোলার কৌশল

১. সহপাঠীদের সাথে সম্পর্ক উন্নয়ন : প্রথম ও সহজ পদক্ষেপ হচ্ছে আপনার সহপাঠীদের সাথে সুসম্পর্ক গড়ে তোলা। ক্লাসের মধ্যে দলগত কাজ, অধ্যয়ন গ্রুপ এবং বিভিন্ন প্রকল্পে একসাথে কাজ করার মাধ্যমে পারস্পরিক সম্পর্ক উন্নয়ন সম্ভব। এই সম্পর্কগুলো ভবিষ্যতে পেশাগত জীবনে সহায়ক হতে পারে।

২. ক্লাব ও সংগঠনে অংশগ্রহণ : বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন ক্লাব, সংগঠন ও কমিটিতে যুক্ত হওয়া শিক্ষার্থীদের জন্য নেটওয়ার্ক গড়ে তোলার একটি দারুণ সুযোগ। এসব ক্লাব ও সংগঠনে কাজ করার মাধ্যমে শিক্ষার্থীরা নেতৃত্বগুণ, দলগত কাজের দক্ষতা ও বিভিন্ন ইভেন্ট আয়োজনের অভিজ্ঞতা লাভ করে, যা তাদের ভবিষ্যতের ক্যারিয়ারে সহায়ক হয়।

৩. সেমিনার ও ওয়ার্কশপে অংশগ্রহণ : বিভিন্ন সেমিনার, ওয়ার্কশপ ও কনফারেন্সে অংশগ্রহণ করার মাধ্যমে শিক্ষার্থীরা বিশেষজ্ঞদের সাথে পরিচিত হতে পারে এবং তাদের জ্ঞানের পরিধি বাড়াতে পারে। এই ধরনের ইভেন্টে অংশগ্রহণ করে শিক্ষার্থীরা সরাসরি বিশেষজ্ঞদের সাথে মতবিনিময় করার সুযোগ পায় যা তাদের পেশাগত দৃষ্টিভঙ্গি বিকাশে সহায়ক হয়।

৪. শিক্ষকদের সাথে সুসম্পর্ক বজায় রাখা : শিক্ষার্থীদের জন্য তাদের শিক্ষকদের সাথে সুসম্পর্ক রাখা অত্যন্ত গুরুত্বপূর্ণ। শিক্ষকরা কেবল একাডেমিক গাইড হিসেবে নয়, বরং ক্যারিয়ার পরামর্শদাতা হিসেবেও কাজ করতে পারেন। শিক্ষকদের সাথে নিয়মিত মতবিনিময় ও পরামর্শ গ্রহণ শিক্ষার্থীদের ক্যারিয়ার পরিকল্পনায় সহায়ক হতে পারে।

৫. ইন্টার্নশিপ এবং স্বেচ্ছাসেবী কাজ : ইন্টার্নশিপ এবং স্বেচ্ছাসেবী কাজের মাধ্যমে শিক্ষার্থীরা পেশাগত জগতে প্রবেশ করতে পারে এবং বাস্তব কাজের অভিজ্ঞতা অর্জন করতে পারে। এটি তাদের প্রফেশনাল নেটওয়ার্ক বৃদ্ধিতে সহায়ক।

৬. লিংকডইন ও অন্যান্য প্রফেশনাল নেটওয়ার্কিং প্ল্যাটফর্ম ব্যবহার : বর্তমান যুগে ডিজিটাল মাধ্যমগুলোর গুরুত্ব অপরিসীম। লিংকডইন বা অন্যান্য প্রফেশনাল নেটওয়ার্কিং প্ল্যাটফর্মের মাধ্যমে শিক্ষার্থীরা তাদের প্রোফাইল তৈরি করে বিভিন্ন পেশাজীবী এবং প্রতিষ্ঠানের সাথে সংযোগ স্থাপন করতে পারে।

৭. বিশ্ববিদ্যালয়ের অ্যালামনাই নেটওয়ার্কের সুবিধা : অ্যালামনাই (পুরনো শিক্ষার্থী) নেটওয়ার্ক একটি শক্তিশালী পেশাগত সংযোগের মাধ্যম হতে পারে। বিশ্ববিদ্যালয়ের প্রাক্তন শিক্ষার্থীরা সাধারণত বিভিন্ন ক্ষেত্রে অভিজ্ঞতা অর্জন করেন এবং তাদের সাথে সম্পর্ক স্থাপন করলে শিক্ষার্থীরা তাদের অভিজ্ঞতা, সুযোগ ও পরামর্শ গ্রহণ করতে পারে।

৮. ক্যাম্পাসে অতিথি বক্তা বা কর্পোরেট লিডারদের সাথে যোগাযোগ : বিশ্ববিদ্যালয়ে অনেক সময় বিভিন্ন ক্ষেত্রের বিশেষজ্ঞ এবং কর্পোরেট লিডারদের আমন্ত্রণ জানানো হয় বক্তৃতা বা কর্মশালায় অংশ নেওয়ার জন্য। এই ইভেন্টগুলোতে অংশগ্রহণ করা শিক্ষার্থীদের জন্য একটি গুরুত্বপূর্ণ নেটওয়ার্কিং সুযোগ। বক্তাদের সাথে সরাসরি আলাপ করা বা ইভেন্ট শেষে তাদের সাথে যোগাযোগ স্থাপন করা শিক্ষার্থীদের জন্য একটি মূল্যবান নেটওয়ার্ক গড়ে তোলার মাধ্যম হতে পারে।

৯. ক্যাম্পাসের রিসার্চ গ্রোগ্রামে অংশগ্রহণ : বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন গবেষণা প্রকল্পে অংশগ্রহণ শিক্ষার্থীদের নেটওয়ার্কিংয়ের একটি বিশেষ সুযোগ তৈরি করে। প্রফেসর, গবেষক এবং অন্যান্য সহপাঠীদের সাথে যৌথভাবে কাজ করার মাধ্যমে শিক্ষার্থীরা একাডেমিক ক্ষেত্রের প্রফেশনালদের সাথে সম্পর্ক স্থাপন করতে পারে। এ ধরনের গবেষণামূলক কাজ ভবিষ্যতে পেশাগত ও একাডেমিক সুযোগ তৈরি করতে সহায়ক হতে পারে।

১০. ব্যক্তিগত ব্র্যান্ডিং এবং আত্ম-উপস্থাপন দক্ষতা : নেটওয়ার্ক গড়ে তোলার জন্য শুধু অন্যান্যদের সাথে সংযোগ স্থাপন করাই যথেষ্ট নয়, নিজেকে উপস্থাপন করাও অত্যন্ত গুরুত্বপূর্ণ। বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের ব্যক্তিগত ব্র্যান্ডিংয়ের ওপর মনোযোগ দেওয়া উচিত, যেমন তাদের প্রফেশনাল প্রোফাইল তৈরি করা, অনলাইন প্রেজেন্স বৃদ্ধি করা এবং প্রফেশনাল ইমেজ উন্নয়ন করা। এই দক্ষতাগুলো ক্যারিয়ারে স্থায়ী ও দীর্ঘমেয়াদি সম্পর্ক তৈরি করতে সহায়তা করে।

উপসংহার

বিশ্ববিদ্যালয় জীবনে নেটওয়ার্ক গড়ে তোলা একটি চলমান প্রক্রিয়া এবং এটি শুধু একটি সময়ের ব্যাপার নয় বরং একটি দীর্ঘমেয়াদি প্রয়াস। দক্ষতা ও কৌশলের ভিত্তিতে নেটওয়ার্ক তৈরি ও বজায় রাখা শিক্ষার্থীদের পেশাগত জীবনে সাহায্য করে। তাদের একটি মজবুত নেটওয়ার্ক থাকলে তারা শুধুমাত্র কাজের সুযোগই নয়, পেশাগত অভিজ্ঞতা, জ্ঞান এবং সমর্থনও পেয়ে যায়। শিক্ষার্থীদের উচিত এই সুযোগগুলো গ্রহণ করা এবং তাৎক্ষণিকভাবে নেটওয়ার্ক গড়ার চেষ্টা করা। সর্বদা নতুন সম্পর্ক তৈরি ও পুরনো সম্পর্কগুলোকে বজায় রাখার চেষ্টা করা উচিত, কারণ এগুলো ভবিষ্যতে বিভিন্ন পরিস্থিতিতে কার্যকরী হতে পারে। কর্মসংস্থান ও পেশাগত উন্নতির জন্য একাডেমিক কার্যক্রমের পাশাপাশি নেটওয়ার্কিংকে অগ্রাধিকার দেওয়ার প্রয়োজন রয়েছে। তাই নেটওয়ার্কিংকে শিক্ষার্থীদের জীবনের একটি অঙ্গীকার হিসেবে গ্রহণ করা উচিত, কারণ এটি তাদের ক্যারিয়ার গঠনে একটি শক্তিশালী ভিত্তি তৈরি করতে সহায়তা করবে।

গবেষণা, একটি বিশ্ববিদ্যালয়ের প্রাণ

ড. মোঃ মোস্তাফিজুর রহমান
সহকারী অধ্যাপক
ডিপার্টমেন্ট অব ডিজাস্টার ম্যানেজমেন্ট অ্যান্ড রেজিলিয়েন্স

আমি স্নাতক পাস করেই চলে যাই বিশ্বখ্যাত ইরাসমুস মুন্ডুস (কেউ কেউ একে ইরাসমাস মুন্ডাসও বলে থাকেন) স্কলারশিপ নিয়ে দ্যা নেদ্যারল্যান্ডসে (ওয়াখানিখেন বিশ্ববিদ্যালয়) স্নাতকোত্তর করতে। ইরাসমুস মুন্ডুস হচ্ছে ইউরোপিয়ান কমিশনের ইউরোপে পড়ার জন্য একটা জগৎখ্যাত নতুন স্কলারশিপ প্রোগ্রাম যা অন্যান্য স্কলারশিপ প্রোগ্রামের চেয়ে একটু আলাদা। এই স্কলারশিপ নিয়ে যিনি পড়তে যান, তাকে একাধিক দেশের একাধিক বিশ্ববিদ্যালয়ে পড়তে যেতে হয়। যাই হোক, আমি দ্যা নেদ্যারল্যান্ডস থেকে সুইডেনের উপসালাতে (এসএলইউ বিশ্ববিদ্যালয়) পড়তে চলে যাই। এখানে ইউরোপ এবং সারা বিশ্বের বিখ্যাত উপসালা বিশ্ববিদ্যালয়ে আমি দেখেছি গবেষণার জন্য তাঁরা কী না করছেন! আমরা ভাবি, এই দেশ কেন এত এত উন্নত, এর বিশ্ববিদ্যালয়গুলোর সুবিধাগুলো দেখলেই বোঝা যায় কেন তাঁরা এত উন্নত হয়েছেন! একটি দেশের উন্নতির চাবিকাঠি বলা যায় এর বিশ্ববিদ্যালয়গুলোর গবেষণা। এক একটা বিশ্ববিদ্যালয়ের এক একটা ল্যাবে (যেখানে গবেষণা পরিচালনা হয়, হোক তা যেকোনো ধরনের গবেষণা) কী পরিমাণ এরা খরচ করছেন। একটা একটা গবেষণা কত গুরুত্ব পাচ্ছে। তুচ্ছ তাচ্ছিল্য তো দূরের কথা, কী পরিমাণ বাহবা, সম্মান পাচ্ছেন গবেষকরা। গবেষকরা গবেষণা যেন চালিয়ে যেতে পারেন এর জন্য কত শত উদ্যোগ।

এরপর আমার সৌভাগ্য হয়েছিল এমন একটি দেশে যাওয়ার, যেই দেশ সারা পৃথিবীতে আলোড়ন সৃষ্টি করেছে তাদের গবেষণা দিয়ে। যে দেশের আপামর জনগণ মনে করেন তাঁদের উন্নতির শিখরে পৌঁছানোর অন্যতম প্রধান বাহক হচ্ছে গবেষণা। যেই দেশ একটি যুদ্ধে বিধ্বস্ত, ধ্বংসস্তূপ থেকে উঠে দাঁড়িয়েছিল, যেই দেশ বারবার দুর্যোগের পর উঠে দাঁড়ায় অন্য যেকোনো দেশের তুলনায় খুবই দ্রুত। হয়ত আপনারা অনেকেই বুঝে গেছেন আমি কোন দেশের কথা বলছি, হ্যাঁ জাপান। জাপান সরকারের মনবুকাগাকুশো স্কলারশিপ নিয়ে আমি চলে যাই দুর্যোগ ব্যবস্থাপনার উপর উচ্চতর ডিগ্রি নিতে। আমি যে বিশ্ববিদ্যালয়ে পড়তে যাই, আমি বলব সেই বিশ্ববিদ্যালয় ছিল সাধারণ মানের পাবলিক বিশ্ববিদ্যালয় (জাপানের অন্য বিশ্ববিদ্যালয়গুলো থেকে)। আমার পূর্বের বাংলাদেশী সম্মানিত শিক্ষক এখানে পড়তেন বিধায় আমিও এখানে চলে আসি। কিন্তু এই যৎসামান্য পাবলিক বিশ্ববিদ্যালয়েও গবেষণার যে হুলস্থুল কর্মকাণ্ড ! আমার এখনও মনে আছে, আমাদের ল্যাবের যে বিশাল ওয়াটার চ্যানেল ছিল, সেখানে আমরা বিশাল ঢেউ উৎপন্ন এবং পরিমাপ করতে পারতাম। জাপানের অন্যান্য দুর্যোগ ব্যবস্থাপনার ল্যাব থেকে আমাদের ল্যাব ছিল বলা যায় সামান্যই। কিন্তু এই সামান্য ল্যাবেই বিশাল ওয়াটার চ্যানেল ছাড়াও (যেখানে সুনামি, বন্যা অথবা জলোচ্ছ্বাসের ঢেউ উৎপন্ন এবং পরিমাপ করার প্রয়োজনীয় ব্যবস্থা ছিল) ছিল সুপার কম্পিউটার, যা দিয়ে আমরা সিমুলেশন করতে পারতাম। জাপানে প্রতিটা গবেষক, শিক্ষকের আলাদা ল্যাব গ্রুপ থাকত, যেখানে তাঁর ছাত্রছাত্রীরা রাত দিন কাজ করেন, সভা সেমিনার করেন বিভিন্ন গবেষণা নিয়ে। আর এসবের জন্য উনি পেতেন অনেক অনেক গ্রান্ট, যেন উনি গবেষণা অনবরত চালিয়ে যেতে পারেন। আমি অন্যান্য বিষয়ের শিক্ষকদেরও (যেমন: সোস্যাল সাইন্স) দেখেছি কত গুরুত্বপূর্ণ গবেষণা করছেন এবং এর জন্য দেয়া হচ্ছে পর্যাপ্ত সুবিধা।

উপরের দুই উন্নত দেশের উদাহরণ আমরা দেখেছি। এছাড়া বর্তমানে সব থেকে বেশি উচ্চতর ডিগ্রির জন্য শিক্ষার্থীরা ইউএসএ-র প্রতি আগ্রহ দেখাচ্ছেন। আমার বেশিরভাগ ছাত্রছাত্রীদেরই আগ্রহ এই দেশে যাওয়ার। কারণ হিসাবে বলা যায় গবেষণার জন্য অফুরন্ত সুবিধা। অনেক ছাত্রছাত্রীই ওখানে টিচিং অথবা রিসার্চ এসিস্ট্যান্ট হিসেবে যান। আর এর জন্য ওঁনারা যে আর্থিক সুবিধা প্রাপ্ত হন, তা দিয়েই ওঁনাদের ডিগ্রী সম্পন্ন করতে পারেন। আমরা দেখতে পাচ্ছি, বিশ্বের তাবৎ তাবৎ বিশ্ববিদ্যালয়ে গবেষণা হচ্ছে প্রাণ। এর মানে হচ্ছে গবেষণাই বাঁচিয়ে রাখতে সাহায্য করছে এই বিশ্ববিদ্যালয়গুলোকে। একটা

বিশ্ববিদ্যালয় হচ্ছে জ্ঞানচর্চার আসর। এখানে নতুন পুরাতন সমস্যাগুলো চিহ্নিত করা হবে, এর সমাধান বের করার চেষ্টা হবে। যদি একটা সহজ উদাহরণ দেই– বাংলাদেশে বজ্রপাতের দরুন প্রতিবছর মানুষ মারা যাচ্ছে। বজ্রপাতে মানুষের মৃত্যুর পরিমাণ দিনকে দিন বেড়ে যাওয়ার ফলে ২০১৬ সালে বাংলাদেশ সরকার বজ্রপাতকে দুর্যোগ হিসেবে ঘোষণা করে। এই ঘোষণার ফলে দুর্যোগকে মোকাবেলা করার জন্য বিভিন্ন পদক্ষেপের প্রয়োজন দেখা দেয়। উপযুক্ত পদক্ষেপের জন্য গবেষণা আবশ্যিক। আর এই গবেষণা করতে পারে আমাদের বিশ্ববিদ্যালয়গুলো। বজ্রপাত কেন বেশি হচ্ছে, কোন জায়গায় বেশি হচ্ছে, কোন কারণে মানুষ মারা যাচ্ছে, কোথায় কোথায় ঘাটতির ফলে মানুষের মৃত্যু হচ্ছে, এইগুলো বের করার জন্য গবেষণা করার প্রয়োজন। বিশ্ববিদ্যালয়গুলো এগুলো খুঁজে বের করবে গবেষণার মাধ্যমে। আর এর প্রয়োগ করবে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ। এভাবেই বিশ্ববিদ্যালয়গুলো অবদান রাখবে দেশের উন্নয়নে। আর বেঁচে থাকবে জ্ঞানচর্চা। আমি যখন জাপানে যাই, এর কিছুদিন আগেই জাপান সম্মুখীন হয়েছিল ২০১১-এর ভয়ংকর সুনামির। ফলে জাপান জুড়ে সুনামি নিয়ে গবেষণা চলছিল। কীভাবে এই সুনামির আঘাত এবং এর ফলে জানমালের ক্ষয়ক্ষতি কমানো যায় তা নিয়ে চলছিল বিভিন্ন আঙ্গিকে গবেষণা। কেউ ড্যাম নিয়ে গবেষণা করছিলেন, কেউ কেউ ন্যাচারাল ব্যারিয়ার নিয়ে গবেষণা করছিলেন, আবার কেউ কেউ সুনামি নিয়ে মানুষের চিন্তা চেতনা ও ব্যবহার বিষয়ে গবেষণা করছিলেন। বিশ্ববিদ্যালয়গুলোতে হৈ হৈ রৈ রৈ কাণ্ড। এমনই তো হওয়া উচিৎ। বিশ্ববিদ্যালয়গুলো শুধু ক্লাসকেন্দ্রিক না হয়ে, বরং গবেষণাকেন্দ্রিক হবে। ক্লাসে বিভিন্ন বিষয়ের উপর সামগ্রিক এবং বেসিক বিষয়গুলো ছাড়াও নতুন নতুন গবেষণা নিয়ে আলোচনা হবে, যা ছাত্রছাত্রীদের উদ্বুদ্ধ করবে।

আমি ২০২৩ সালে মালয়েশিয়ার কুয়ালালামপুর গিয়েছিলাম। মালয়েশিয়ার উন্নতির অন্যতম প্রধান কারণ হিসাবে বলা যায় মাহাথির মোহাম্মাদের বিভিন্ন উদ্যোগ। এর ভেতর অন্যতম হচ্ছে মালয়েশিয়াতে গবেষণা বাড়ান। বিশ্ববিদ্যালয়গুলোতে গবেষণার জন্য বিভিন্ন সুযোগ সুবিধা প্রদান। এক একজন শিক্ষক অথবা গবেষক যেন গবেষণা করতে পারেন এই জন্য বিভিন্ন রকম ফান্ড, পাবলিকেশন্সের জন্য বিভিন্ন ধরনের প্রণোদনা ও প্রেরণা প্রদান। আমরা যদি তেল সমৃদ্ধ আরব দেশগুলোর দিকে তাকাই, তাঁরাও কিন্তু গবেষণার জন্য বিভিন্ন উদ্যোগ নিয়েছেন। তাদের বিশ্ববিদ্যালয়গুলোতে গবেষণার জন্য বিভিন্ন প্রণোদনা দিচ্ছেন। নিজ দেশের গবেষকদের পাশাপাশি, জগৎখ্যাত গবেষকদেরও তারা ডেকে আনছেন বিভিন্ন আকর্ষণীয় সুবিধা প্রদান করে।

বিশ্ববিদ্যালয়গুলোতে প্রাণ ধরে রাখতে হলে, অথবা প্রাণের সঞ্চার করতে হলে গবেষণা করতে হবে। এই গবেষণার জন্য থাকতে হবে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের কার্যকরী পদক্ষেপ, যে পদক্ষেপ শুধুমাত্র খাতা কলম অথবা মুখে মুখে হলে হবে না, এর উপযুক্ত প্রয়োগ থাকতে হবে। না হলে বিশ্ববিদ্যালয়গুলো প্রাণহীন হয়ে যাবে, আমাদের দুর্দান্ত মেধাবী ছাত্রছাত্রীগুলোর মেধা কাজে লাগবে অন্য দেশের বিশ্ববিদ্যালয়গুলোতে, অন্য দেশের উন্নয়নে। আমি এটাকে খারাপ বলছি না। অন্তত বৈশ্বিক উন্নয়নে কাজে লাগছে। কিন্তু এই উন্নয়ন হতে পারত আমাদেরই কার্যকরী পদক্ষেপের মাধ্যমে। যা কিনা আমাদের এবং বৈশ্বিক উন্নয়নে কাজে লাগতে পারে। যেখানে আমাদের অবদান থাকতে পারে বেশি। যা হতে পারে আমাদের বিশ্ববিদ্যালয়গুলোতে প্রাণের সঞ্চারের মাধ্যমে।

রক্তের ভাষা

তোফায়েল আহমেদ
সহকারী পরিচালক
অফিস অব দি ইন্টারন্যাশনাল অ্যাফেয়ার্স



রক্তেরও ভাষা থাকে! কী শুনতে অবাক লাগছে! রক্তের আবার ভাষা হয় কী করে? অবাক হওয়ারই কথা। অবাক হলেও সত্য যে রক্তেরও ভাষা আছে। তবে রক্তের ভাষা আর আমাদের মুখের ভাষা এক নয়। দুইয়ের মধ্যে রয়েছে বিস্তর তফাৎ। রক্তের ভাষাকে বুঝতে হলে আমাদের হতে হবে একটু চিন্তাশীল। আমাদের আয়ত্ত্ব করতে হবে দেহযন্ত্রের প্রাথমিক কিছু জ্ঞান। তবেই বুঝতে পারবো রক্তের ভাষা। বুঝতে পারবো কী অর্থ নিহিত আছে সে ভাষায়? সৃষ্টিকর্তার এক অসীম সম্ভাবনাময় ও শক্তিশালী সৃষ্টি হলো মানুষ, যাকে বলা হয় আশরাফুল মাখলুকাত বা সৃষ্টির সেরা জীব। সৃষ্টিকর্তা তার সর্বোৎকৃষ্ট বিচক্ষণতা ও সুন্দর সৃষ্টিশীলতার এক অবিস্মরণীয় সমন্বয় ঘটিয়েছেন মানুষের দেহযন্ত্রে। মানুষে মানুষে অসংখ্য ভিন্নতা থাকলেও একটি বিষয়ে মানুষের মধ্যে নিবিড় মিল রয়েছে, আর তা হলো রক্তে (Blood)। এই রক্তের অসংখ্য ভাষার মধ্যে একটি অভিন্ন ভাষা হলো তার বর্ণ। জাতি, ধর্ম, বর্ণ, গোত্র, ধনী-গরীবের মধ্যে দৈহিক, সামাজিক, আর্থিক ভিন্নতা পরিলক্ষিত হলেও সবার রক্তের বর্ণ কিন্তু লাল। এটি রক্তের দুর্লভ ভাষা। এছাড়া, রক্তের এমন সব ভাষা রয়েছে যে ভাষার উপর আমাদের ন্যূনতম জ্ঞান থাকা আবশ্যক। যদিও অনেকে হয়তো বলবেন এজন্য তো বহু দক্ষ ভাষাবিদ (ডাক্তার) রয়েছেন যারা আমৃত্যু সে ভাষা বোঝার ও জানার চেষ্টা করে যাচ্ছেন। সেই ভাষাবিদের কাজই হলো রোগাক্রান্ত মানুষকে বিপদের সময় তার রক্তের ভাষা বুঝিয়ে দেওয়া, শান্ত রাখা, অভয় দেওয়া কিংবা তার জাগতিক জীবনের গন্তব্যটুকু নিশ্চিত করা। কিন্তু আমি বলবো এই ভাষাজ্ঞান আমাদের সবার মাঝেও কিছু না কিছু থাকা উচিত যাতে করে মানব শরীরের গতিশীল লাল তরল পদার্থের ভাষা আমরাও বুঝতে পারি। আরো বুঝতে পারি সে ভাষায় আমাদের কী জানাতে চায়। রক্তের ভাষাতেই যেন আমরা দেহের সুস্থ কিংবা অসুস্থ রূপ অনুধাবন করতে পারি। যদিও আমি রক্তের ভাষাবিদ নই, তবে জীববিজ্ঞানের কিঞ্চিৎ জ্ঞান থাকায় রক্তের ভাষাকে বুঝার জন্য চেষ্টা করেছি। আমার সামান্য চেষ্টায় বোধগম্য ভাষাটুকুই আজ পাঠকের সামনে তুলে ধরার ক্ষুদ্র প্রয়াস।

রক্তের পরিচয়



বিজ্ঞানীদের ভাষায় রক্তের পরিচয় না দিয়ে যদি সাধারণ বোধগম্য ভাষায় বলি তবে রক্তের পরিচয় হলো-রক্ত এক ধরনের লাল বর্ণের তরল পদার্থ যার প্রধান কাজ হলো পরিবহন। বিজ্ঞানের ভাষায় রক্তের পরিচয় অনেক বিস্তৃত। বিজ্ঞানের ভাষায় রক্ত হচ্ছে প্লাজমা (রক্তরস) ও প্লাজমায় ভাসমান বিভিন্ন কোষীয় উপাদানের সমন্বয়ে গঠিত লাল বর্ণের তরল যোজক কলা (Connective Tissue)। রক্ত কণিকাসমূহ উৎপন্ন হয়ে থাকে অস্থি মজ্জা (bone marrow) থেকে। তবে দুই ধরনের শ্বেতরক্ত কণিকা (টি-সেল ও বি-সেল) উৎপন্ন হয় শরীরের লিম্ফ নোড ও স্প্লিনে (lymph nodes and spleen)।

রক্তের কাজ

রক্তের কাজ শরীরের সকল অঙ্গের কোষে অক্সিজেন, পুষ্টিদ্রব্য, কার্বন ডাই অক্সাইড ও অন্যান্য বর্জ্য পণ্য বহন করা। রক্ত একটি পরিবহন তরল যা হৃদপিণ্ডের সাহায্যে (পাম্পের মাধ্যমে) শরীরের সমস্ত অংশে প্রবাহিত হয়ে প্রক্রিয়াটি পুনরাবৃত্তি করার জন্য আবার হৃদপিণ্ডে গিয়ে যাত্রা শেষ করে। মানবদেহে প্রাণশক্তি থাকা অবধি এ প্রক্রিয়াটি চলমান থাকে। রক্ত একটি টিস্যু ও একটি তরল–উভয়ই। ফুসফুস বিশুদ্ধ অক্সিজেন রক্তের মাধ্যমে সারা শরীরে সরবরাহ করে এবং দেহ কোষে উৎপন্ন দূষিত কার্বন ডাই অক্সাইড

ফুসফুসে পরিবাহিত করে। কিডনি অতিরিক্ত জল, দ্রবীভূত বর্জ্য পদার্থ অপসারণ করে রক্তের মাধ্যমে। প্রাত্যহিক খাবারের মাধ্যমে প্রাপ্ত পুষ্টি উপাদানসমূহ গ্যাস্ট্রোইনটেস্টাইনাল ট্রাক্ট দ্বারা শোষণের পরে রক্ত প্রবাহে পৌঁছায় এবং সারা শরীরে পরিবাহিত হয়। শরীরের এন্ডোক্রাইন সিস্টেমের গ্রন্থিগুলো হতে নিঃসরিত হরমোনসমূহ রক্তের মাধ্যমে সংশ্লিষ্ট টিস্যুতে পরিবাহিত হয়ে তাদের কার্যক্রম/প্রভাব প্রয়োগ করে। এছাড়া, বিভিন্ন রোগে আক্রান্ত হলে ডাক্তারের প্রেসক্রাইবকৃত ঔষধ লিভারে পরিপাকের পর রক্তের মাধ্যমে কার্যকর স্থানে পৌঁছায়। মানবদেহের সকল কার্যক্রমে রক্তের সম্পৃক্ততা অকল্পনীয় ও অবর্ণনীয়।

রক্তের ভাষা প্রকাশের উপাদান



প্লাজমা (রক্তরস) ও প্লাজমায় ভাসমান বিভিন্ন কোষীয় উপাদান (লাল বর্ণের লোহিত রক্তকণিকা, প্রতিরক্ষা ব্যবস্থা-শ্বেত রক্তকণিকা, রক্ত জমাট বাধার উপাদান-অনুচক্রিকা), গুরুত্বপূর্ণ সব আয়ন, প্রোটিন, হরমোনসহ নানা প্রকার কেমিক্যাল কম্পোনেন্ট। রক্ত শরীরের সব প্রান্তে বিশুদ্ধ অক্সিজেন পরিবহন করে এবং শরীর থেকে সব ধরনের বর্জ্য পদার্থ অপসারণে সাহায্য করে। শরীরের সব ধরনের কেমিক্যাল উপাদান, রোগের উপশমের জন্য সেবনকৃত ঔষধ এবং রোগসৃষ্টিকারী জীবাণুও এই রক্তের মাধ্যমে বাহিত হয়। রক্তে উপস্থিত প্রতিটি উপাদান একজন প্রাণীর জন্য গুরুত্বপূর্ণ। রক্তের এক একটি উপাদান এক একটি ভাষা প্রকাশ করে।

রক্তের ভাষা বুঝার উপায়



মানব শরীরের রক্তে যেসকল উপাদান উপস্থিত থাকে, সেসকল উপাদান নিজ উদ্যোগে/ উদ্ভূত উপসর্গের পরিপ্রেক্ষিতে ডাক্তারের পরামর্শে আধুনিক প্রযুক্তির মাধ্যমে পরীক্ষা করে আমরা রক্তের ভাষা জানতে পারি। আধুনিক প্রযুক্তির কল্যাণে যান্ত্রিক ও রাসায়নিক প্রক্রিয়ায় সে উপাদানগুলোর অবস্থা/পরিমাণ/মাত্রা জানার মাধ্যমে রক্তের ভাষা বুঝা সহজতর হয়। আমরা যদি সে ভাষা বুঝি তবে আমাদের মূল্যবান দেহঘড়ির অবস্থা জানতে পারবো। এনিমিয়া বা রক্তশূন্যতা হলো রক্তের একটি ভাষা যার মাধ্যমে ৫ ধরনের রক্তশূন্যতা সম্পর্কে জানা যায়। রক্তের বিলিরুবিন জন্ডিসের মাত্রা প্রকাশ করে, রক্তের ট্রপোনিন-আই হার্ট অ্যাটাক, হার্টের ক্ষতিকর ঝুঁকি ও মাত্রা নির্দেশ করে, রক্তের নন স্ট্রাকচারাল প্রোটিন (এনএস১) ডেঙ্গু রোগের উপস্থিতি প্রকাশ করে, IgE শরীরে এলার্জিক উপাদানের মাত্রা নির্দেশ করে, রক্তের Serum Creatinine কিডনির সক্রিয়তা প্রকাশ করে, Serum Electrolyte শরীরে মিনারেলের মাত্রা নির্দেশ করে, ESR শরীরের অভ্যন্তরে ইনফেকশনের উপস্থিতি/অনুপস্থিতি নিশ্চিত করে, Serum Platelate-এর পরিমাণ শরীরে রোগের প্রতিরক্ষা ব্যবস্থার সক্ষমতা নির্দেশ করে। এমনিভাবে শত শত রোগের উপস্থিতি, শরীরের বিভিন্ন অঙ্গের অসুস্থতার মাত্রা/তীব্রতা/নিশ্চয়তা নিশ্চিতকরণের জন্য রক্তের সংশ্লিষ্ট উপাদানগুলো যথাযথ ক্লিনিক্যাল পরীক্ষার মাধ্যমে রক্তের ভাষা উপলব্ধি করে ডাক্তাররা স্বাস্থ্য সম্পর্কে সঠিক সিদ্ধান্তে উপনীত হতে পারেন।

জাতি ধর্ম বর্ণ নির্বিশেষে সবার রক্তই লাল। এর মধ্যে কোনো বিভেদ নেই। মানুষের শরীরে রক্তের প্রয়োজনীয়তা এতো বেশি যে, রক্ত ছাড়া কেউ বাঁচতে পারে না। মুমূর্ষু রোগীকে তার শারীরিক ক্রান্তিলগ্নে বাঁচাতে রক্তের প্রয়োজনীয়তা বেশি অনুভূত হয়। মুমূর্ষু রোগীকে রক্তদানের ক্ষেত্রেও রক্তের ভাষা বুঝতে হয়। রক্তের ABO Blood group এবং Rh Factor (+/-) পরীক্ষার মাধ্যমে দাতা ও গ্রহীতার রক্তের মিল নিশ্চিত করা হয়। তাই আমাদের শিক্ষা ব্যবস্থায় যদি রক্তের ভাষাজ্ঞান জানার জন্য পরিকল্পিত উপায়ে ব্যবস্থাপনা নিশ্চিত করা যায় তবে একজন মানুষ তার দেহঘড়ি সম্পর্কে সচেতন হতে পারবে। শরীরের সুস্থতার প্রতি যত্নবান হতে আরো বেশি আন্তরিক হবে। আর একজন স্বাস্থ্য সচেতন মানুষ সার্বিকভাবে একটি পরিবার, সমাজ ও দেশের মূল্যবান সম্পদ হিসেবে ভূমিকা রাখতে সক্ষম হবে।

তথ্য সূত্র

1. Photo: https://www.parkwaycancercentre.com/in/news-events/news-articles/news-articles-details/6-common-types-of-blood-tests-e-g-cancer-blood-test-explained, https://openmd.com/guide/blood-components
2. https://ybestbuyar.best/product_details/21687259.html
3. Blood Cell: https://biologydictionary.net/blood-cell/
4. গুগল ও উইকিপিডিয়া।
5. নিউজপেপার।

উন্মুক্ত ইন্টারনেটে মুক্তপেশা–চ্যালেঞ্জ ও সম্ভাবনা

প্রলয় মুখার্জী
সহকারী প্রোগ্রামার
পাবলিক রিলেশন্স, ইনফরমেশন অ্যান্ড পাবলিকেশন্স

আজকের এই সময়ে দাঁড়িয়ে আমরা যে ফ্রিল্যান্সিং বলতেই বুঝি 'ইন্টারনেটে কিছু একটা করা', সেটা আসলে কাজের ক্ষেত্রের বিশালতার জন্যেই। সারাদেশে ফ্রিল্যান্স ফটোগ্রাফারের সংখ্যা হাতের কর গুণেই বলা যাবে হয়ত কিন্তু ফ্রিল্যান্স ওয়েব ডেভলপারের সংখ্যা বের করার জন্যে বিস্তর সার্ভে করার দরকার পড়বে। তবে নিঃসন্দেহে সেই সংখ্যা যে অনেক অনেক গুণ বেশি তা সার্ভে না করেই বলা যায়। মুক্তবাজার অর্থনীতির দুনিয়ায় উন্মুক্ত ইন্টারনেটের উন্মুক্ত জ্ঞানভাণ্ডার, আমাদের মতো জনবহুল তারুণ্য নির্ভর দেশের জন্যে এই সুযোগ দেশের, বিরাট সংখ্যক তরুণের জীবন পাল্টে তো দিচ্ছেই একই সাথে দেশের জন্যে নিয়ে আসছে বিপুল বৈদেশিক মুদ্রা। আমরা যদি পত্রিকার বহুল প্রচলিত নিউজগুলো যেমন 'ঘরে বসেই মাসে ১০ লাখ টাকা আয় করেন অমুক', সেগুলোকে সন্দেহের চোখে দেখেই আশেপাশে দেখি তাহলেও আমরা 'ইন্টারনেটে কিছু একটা করে' সচ্ছল স্বাবলম্বী জীবনের প্রচুর উদাহরণ দেখতে পাবো।

ঘরে বসে ইন্টারনেটে কাজ করে উপার্জনের মোটাদাগে যে দুটো প্রচলিত উপায় আছে, তার একটা হচ্ছে ফ্রিল্যান্স বা গিগ ভিত্তিক কাজ অন্যটা রিমোট চাকুরি।

আমাদের দেশে প্রথমটাই বেশি প্রচলিত সহজলভ্যতার কারণে। সাধারণত মার্কেটপ্লেসগুলোতে বিভিন্ন কাজের জন্যে এডভার্টাইজ করা হয়, ফ্রিল্যান্সাররা সেই কাজ নিয়ে করেন এবং কাজ অনুযায়ী পেমেন্ট পান। রিমোট চাকুরি আসলে দেশের অন্য যে কোনো চাকুরির মতোই। চাকুরিতে এপ্লাই করা হয়, ইন্টারভিউ দেয়া হয় তারপর কোম্পানি নিয়োগ দেয়। শুধুমাত্র পার্থক্য কাজটা ঘরে বসেই করা যায় আর একটা বড় পার্থক্য বেতনের পরিমাণ সাধারণত দেশের প্রচলিত বেতনের চেয়ে বেশি হয়। আমাদের দেশের ব্যাংকগুলো এখন ইন্টারনেট থেকে টাকা দেশের একাউন্টে নিয়ে আসা বেশ সহজ করে দিয়েছে, সাথে বাংলাদেশ ব্যাংক কিছু ইন্সেন্টিভও দেয়, বৈদেশিক মুদ্রা দেশে নিয়ে আসার কৃতজ্ঞতা স্বরূপ।

এ এক অপার সম্ভাবনার সময়। খুলনার কোনো এক বাসার ছোট্ট ঘরে বসেই কেউ একজন কাজ করছে ক্যালিফোর্নিয়ার এক ফিনটেক স্টার্টআপে। অথবা ঢাকার কোনো এক মেসে কয়েক বন্ধু মিলে অনলাইন-মার্কেটিংয়ের কাজ করছে কোনো এক জার্মান ক্লাইন্টের জন্যে। এইসব সম্ভব হচ্ছে যেসব কারণে তার মধ্যে প্রথমেই থাকবে ইন্টারনেটের উন্মুক্ত জ্ঞানভাণ্ডার। এখন এই সময়ে এমন কোনো বিষয় নেই যেটা ইন্টারনেট থেকে অন্তত বেসিক শেখার সুযোগ নেই। নানা রকম ফরম্যাট টেক্সট, অডিও, ভিডিও, কোর্স, লেসন, ক্লাস; আছে প্রচুর পরিমাণে, যেগুলো ফ্রি কিন্তু কোয়ালিটি কন্টেন্ট। একটু সময় আর মনোযোগ দিয়ে পরিশ্রম আর শেখার মানসিকতা থাকলেই নিজের স্কিলসেট তৈরি করে নেয়া যায় যে কারো পক্ষেই। আর দ্বিতীয়ত উন্মুক্ত বাজার। সারা পৃথিবী এখন সহজে প্রতিযোগিতামূলক দামে কাজ করাতে চায় সেখানে কে কোথায় বসে কাজ করছে সেটা আর গুরুত্বপূর্ণ নয়। ফলে এই বাজার আর সম্ভাবনা দিন দিন বাড়ছেই। তৃতীয়ত যেই কাজের জন্যে যেই স্কিলসেট তার বাইরে খুবই বেসিক কিছু বিষয় যেমন মোটামুটি ইংরেজি বলা-লেখা বা কমুনিকেশন স্কিল ছাড়া আর কোনো যোগ্যতা যেমন শিক্ষাগত যোগ্যতা, ট্রেনিং এসব গুরুত্বপূর্ণ হয়ে উঠছে না।

এই ব্যাপক সম্ভাবনার সাথেই আছে ব্যাপক চ্যালেঞ্জ। উন্মুক্ত বাজার উন্মুক্ত জ্ঞান তো শুধুই আমাদের দেশের জন্যে না, পৃথিবীর যে কোনো প্রান্তের যে কারো জন্যেই। ফলে কাজের ক্ষেত্রে প্রতিযোগিতা বাড়ছে, ক্লাইন্ট বা কোম্পানির দক্ষতা যাচাইয়ের সুযোগ বাড়ছে, সাথে সাথেই কাজের মূল্য কমছে। দুঃখজনক হলেও সত্যি আমাদের দেশের বেশিরভাগ তরুণের মধ্যেই সময়, পরিশ্রম ও মেধা কাজে লাগিয়ে দক্ষ প্রতিযোগী হয়ে উচ্চমূল্যে কাজ করতে পারার যোগ্যতা অর্জনের চেয়ে খুব তাড়াতাড়ি কিছু শিখে

ফেলে কম মূল্যে কিছু উপার্জনের প্রবণতাই বেশি। সেটা স্বল্পমেয়াদে কাজও করে এবং যেহেতু ডলার থেকে টাকা বিনিময় রেট অনেক বেশি তাই এই স্বল্পমূল্যও অনেকের ক্ষেত্রেই স্বল্প থাকে না। কিন্তু সময়ের সাথে, নতুন অর্থনৈতিক বাস্তবতার সাথে কিংবা নতুন দক্ষ প্রতিযোগিদের সাথে দীর্ঘমেয়াদে টিকে থাকা কঠিন হয়ে পড়ে। এই স্বল্পমেয়াদি প্রবণতাকে পুঁজি করে আবার গড়ে উঠছে অদক্ষ বাণিজ্যিক কোচিং, যেখানে ৬ মাসের কোর্স করেই মাসে ২ লাখ টাকা উপার্জনের অবাস্তব আশ্বাস দেয়া হয়। এর পাশাপাশি আছে আর্টিফিশিয়াল ইন্টেলিজেন্স বা এআই এর ব্যাপক শক্তিশালী হয়ে ওঠা। অনেক কাজই এখন এআই দিয়ে খুব দ্রুত এবং প্রায় ত্রুটিমুক্ত ভাবেই করে ফেলা সম্ভব। এই চ্যালেঞ্জের তালিকা আরো দীর্ঘ। প্রথাগতভাবেই আমাদের পেশাদারিত্ব, কর্মক্ষেত্রে দক্ষতা তৈরি, সময়ের সাথে নিজের যোগ্যতা বৃদ্ধি, সময়ানুবর্তিতা ও টিম ওয়ার্কের মতো গুরুত্বপূর্ণ বিষয়গুলোতে চেষ্টার ঘাটতি অনেক; বিশেষত উন্নত দেশগুলোর তুলনায়। যেহেতু এই প্রতিযোগিতাটাই আন্তর্জাতিক, সারা পৃথিবীর যেকোনো দেশের যে কেউ এর প্রতিযোগী, আর সেহেতু আন্তর্জাতিক বাজারের মতোই এই দুর্বলতা আমাদের জন্যে পিছিয়ে পড়ার কারণ হয়ে দাঁড়াচ্ছে।

আমাদের এগিয়ে থাকতে এমনকি টিকে থাকতে হলেও দক্ষতা আর পেশাদারিত্ব আন্তর্জাতিক পর্যায়ে নিয়ে যাওয়ার কোনো বিকল্প নেই। অনেক প্রতিকুলতার মধ্যেও আমাদের জনবল আছে, মেধা আছে, কাঠামোগত সীমাবদ্ধতাও আছে। প্রথমেই আমাদের তরুণদের স্বল্পমেয়াদি প্রথাগত মানসিকতা থেকে বের হতে হবে। নিজেকে আন্তর্জাতিক মানের দক্ষ করে তুলতে সময়, মেধা, শ্রম দিয়েই আগামী অর্থনৈতিক বাজারের জন্যে দীর্ঘমেয়াদি পরিকল্পনা তৈরি করতে হবে। শেখার ক্ষেত্রে টুলস বা টেকনোলজিকে গুরুত্ব না দিয়ে বরং নতুন টুলস বা টেকনোলজি কীভাবে দ্রুত সময়ে রপ্ত করা যায় সেই মাইন্ডসেট তৈরি করতে হবে। এই সময়ের বেশ আলোচিত ইতিহাসবিদ নোয়া হারারি বলেছিলেন একবিংশ শতকে জ্ঞান হতে হবে টেন্ট বা তাবুর মতো, যেন চাইলেই স্থানান্তর করা যায়। একটা উদাহরণ দেয়া যেতে পারে বিষয়টা আরো একটু ভালো বোঝার জন্যে। ধরা যাক আমি ওয়েব ডিজাইনের জন্যে ফটোশপ বা ইলাস্ট্রেটর ব্যবহার করি। আজকের দিনে ফিগমা একই কাজের জন্যে আরো বহুল ব্যবহৃত এবং বেশ কিছু বাড়তি সুবিধা দেয়। এক্ষেত্রে আমার ওয়েব ডিজাইন দক্ষতা কি আমি দ্রুত সময়ে ফিগমায় নিতে পারি? নাকি ফটোশপ ছাড়া আমার পক্ষে ওয়েব ডিজাইন করাই সম্ভব না? ফটোশপ একটা টুল মাত্র। দক্ষতা টুল নির্ভর হয়ে গেলে আমি আর পরিবর্তনের সাথে নিজেকে আপডেট করতে পারছি না। ফলে টিকে থাকতে গেলে নতুন বিষয়ের সাথে দ্রুত পরিচিত হওয়া জরুরি।

টেক সেক্টরের মতো এতো দ্রুত পরিবর্তন আর কোনো সেক্টরে নেই। পোস্ট অফিসের চিঠি থেকে টেলিফোন কলে আসার সময়কাল পঞ্চাশ বছরেরও বেশি। সেই টেলিফোন কল থেকে মোবাইল, মোবাইল থেকে ইন্টারনেট কল, ইন্টারনেট কল থেকে ভিডিও কল এই সব কিছুই গত দশ বছরে। ফলে এখন কী আছে সেটাও আর গুরুত্বপূর্ণ থাকছে না যদি সামনে কী আসছে সেটা অনুধাবন না করা যায়। সেজন্যে আগামী পরিবর্তনের সাথে নিজেকে পরিচিত রাখা এবং সে অনুযায়ী নিজের দক্ষতাকে রুপান্তর জরুরি। এই পরিচিত হওয়া বা নিজের দক্ষতার আপডেট সবই মুক্ত ইন্টারনেটে অবারিত। শুধু দরকার এই মাইন্ডসেটে নিজেকে নিয়ে যাওয়া।

ইন্টারনেটে মুক্ত পেশা যেমন বিরাট সম্ভাবনা তার সাথেই আছে অনেক চ্যালেঞ্জ। আমাদের তরুণরা আগামীর পরিবর্তনের সাথে নিজেদের দক্ষতা আন্তর্জাতিক পর্যায়ে নিয়ে যাওয়ার মানসিকতা তৈরি করতে পারলেই এই সম্ভাবনাকে কাজে লাগানো সম্ভব।

স্বাধীনতা ও শান্তি

জাহরা আনজুম
শিক্ষার্থী
ডিপার্টমেন্ট অব ইন্টারন্যাশনাল রিলেশনস

ফাতেমাকে জানালার পাশে মনমরা হয়ে বসে থাকতে দেখে দাদু জিজ্ঞেস করলেন, কী ব্যাপার দাদুমণি, এভাবে মন খারাপ করে বসে আছ কেন? দাদুকে দেখে ফাতেমার মুখে একচিলতে হাসি ফুটে উঠলো। ফাতেমার প্রিয় মানুষদের একজন হলো তার দাদু। সময় পেলেই তারা একসাথে গল্প করে।

ফাতেমা তার দাদুকে জিজ্ঞেস করে, আচ্ছা দাদু, আমাদের নিজ দেশে, কিংবা পৃথিবীর নানা দেশে যে অশান্তি, মারামারি-হানাহানি হচ্ছে, তা কি বন্ধ করার কোনো উপায় নেই? কিছু মানুষ যে অস্থিতিশীল পরিস্থিতির সৃষ্টি করে, তার জন্য কেন সাধারণ সকল মানুষকে ভুক্তভোগী হতে হবে? সমাজে বদল আনার কি কোনো উপায়ই নেই?

দাদু বললেন, এত প্রশ্ন এক সাথে? বুঝতে পেরেছি, দেশ-বিদেশের নানান অরাজকতা আর অশান্তি দেখে আমার প্রিয় ফাতেমার মন খারাপ হয়েছে। আচ্ছা চলো, আজকে তোমার সাথে একটা নতুন বিষয় নিয়ে আলোচনা করব। বলো তো দাদুমণি, মানুষ কেন সৃষ্টির সেরা জীব?

কারণ মানুষের বুদ্ধি ও বিবেক আছে। মানুষ নৈতিক ও মানবিক মূল্যবোধসম্পন্ন হয় দাদু।

ঠিক বলেছ। আর সকল মানুষের লিঙ্গ-ধর্ম-বর্ণ-জাত যা-ই হোক না কেন, ভেতরে কিন্তু সকলের একই রক্ত ও মাংস। সকলে একই স্রষ্টার সৃষ্টি। এজন্য প্রতিটি মানুষের মানব-মর্যাদা সমান। জানো দাদুমণি, আমাদের এই বাহ্যিক রূপ, জীবনের আদর্শ ও উদ্দেশ্য ভিন্ন হলেও চূড়ান্ত লক্ষ্য কিন্তু একই। বলতে পারো কিভাবে?

ফাতেমা বেশ খানিকক্ষণ ভেবে জবাব দিলো, আমরা সকলেই সুখী থাকতে চাই, সুন্দর ও সচ্ছল জীবনযাপন করতে চাই, কাছের মানুষদের নিয়ে ভালো থাকতে চাই। তাই না দাদু?

দাদু ফাতেমার বুদ্ধিমত্তায় চমৎকৃত হয়ে বললেন, ঠিক তাই! ধর্ম-বর্ণ-জাত-পাত-উচ্চবিত্ত-নিম্নবিত্ত নির্বিশেষে সকল মানুষ দিনশেষে সুখী হতে চায়। আমাদের সকল কাজ বা উদ্দেশ্যের অন্তিম লক্ষ্য একটিই–সুখী জীবনযাপন করা। দাদুমণি, তুমি হয়ত খেয়াল করেছ, যখন আমরা একই লক্ষ্য অর্জনে একসাথে কাজ করি, তখন সকলে আপনাআপনি ঐক্যবদ্ধ হয়ে যাই, নিজেদের সর্বোচ্চটুকু দিয়ে লক্ষ্য অর্জন করতে চাই। লক্ষ্য পূরণের এই যাত্রায় কেউ যদি কোনো ভুল করেও ফেলে, অন্যদের অবদানে সেই ভুলটি অনেক ক্ষেত্রে সংশোধিত হয়ে যায়, তাই না?

ফাতেমা ভেবে দেখল, তাই তো! যেকোনো লক্ষ্য অর্জনে একসাথে কাজ করলে আমাদের মধ্যেকার সব বিভেদ, মনোমালিন্য আপনাআপনি দূর হয়ে যায়। সকলে তখন একটা দলের মতো হয়ে নিজেদের সেরাটা দিয়ে লক্ষ্য অর্জন করতে চায়। খেলাধুলা থেকে শুরু করে সব ক্ষেত্রে এটি প্রযোজ্য।

এবার ভেবে দেখ দাদুমণি, পৃথিবীর প্রতিটি মানুষ সুখী হতে চায়। এখন আমরা সকলে যদি এই একই লক্ষ্য অর্জনে আলাদাভাবে চেষ্টা না করে একসাথে দল হয়ে চেষ্টা করি, তবে কি কোনো যুদ্ধ, মারামারি-হানাহানি, বিভেদ সৃষ্টি হবে?

বাহ! এমন হলে তো পৃথিবী খুব সুন্দর হয়ে উঠবে। এই কথাটা তাহলে সবাই বোঝে না কেন দাদু?

হয়ত বোঝে, কিংবা বুঝতে চায় না। ভোগ, শোষণ ও দখলদারিত্বের মাধ্যমে হয়ত সাময়িকভাবে লাভবান হতে পারবে কেউ।

কিন্তু ঐ চূড়ান্ত লক্ষ্য অর্জন করতে হলে, প্রকৃত সুখ অর্জন করতে চাইলে, নিজেদের স্বাধীনতার যথাযথ প্রয়োগ করে ঐক্যবদ্ধ হয়ে সে লক্ষ্যপূরণে কাজ করতে হবে। এতেই সকল বিভেদ দূর হবে, জীবন হবে সুখ-শান্তিময়।

কিন্তু দাদু, এখানে আমাদের স্বাধীনতার প্রসঙ্গ আসছে কিভাবে?

ভালো প্রশ্ন করেছ দাদুমণি। আচ্ছা, বলো তো, স্বাধীনতা মানে কী?

ফাতেমা বললো, স্বাধীনতা মানে মুক্তি। বাধা, প্রতিবন্ধকতা ছাড়া যেকোনো কিছু করতে পারার ক্ষমতা।

তুমি ঠিকই বলেছ দাদুমণি। তবে, যদি সামাজিক বিজ্ঞান ও নৈতিক মূল্যবোধের আলোকে বলি, তাহলে স্বাধীনতা মানে হলো মুক্তভাবে নিজের বোধ-বুদ্ধি, যোগ্যতা ও মননশীলতার চর্চা করে নিজের ও অপরের কল্যাণ করার সুযোগ। এখন কেউ যদি এই সুযোগ ব্যবহার করে নিজের ও অপরের কল্যাণে অবদান রাখে, তখন তাকে বলা যায় স্বাধীনতা। নয়ত তা হবে স্বেচ্ছাচারিতা।

ফাতেমাকে কিছুটা বিভ্রান্ত দেখে দাদু বললেন, আচ্ছা উদাহরণ দিয়ে তোমাকে বোঝাই। যারা মাদকাসক্ত, তারা সম্পূর্ণ নিজের ইচ্ছায় মাদকদ্রব্য গ্রহণ করে ও এতে আনন্দ পায়। কিন্তু এটাকে তাদের স্বাধীনতা বলা যায় না। কারণ তারা একদিকে যেমন নিজের ক্ষতি করছে, তেমনি অর্থের অপচয় এবং পরোক্ষভাবে অন্যদেরও মাদকদ্রব্য গ্রহণে উৎসাহিত করছে। এটা এক ধরনের স্বেচ্ছাচারিতা। আবার, একজন প্রাপ্তবয়স্ক মানুষ যদি শিশুপার্কের দোলনায় উঠেন, তখন তিনিও আনন্দ পাবার জন্য তা করেন। এতে তাকে দেখে কেউ হাসাহাসি করলেও, তিনি নিজের বা অন্যের কোনো ক্ষতি করছেন না। বরং এভাবে তিনি স্বাধীনভাবে নিজের ইচ্ছার বহিঃপ্রকাশ করছেন।

ফাতেমা বললো, তার মানে, শুধু নিজের ইচ্ছামতো যা খুশি তা করাই স্বাধীনতা নয়। তাতে নিজের ও অন্যের কল্যাণের কথা ভাবতে হবে?

হ্যাঁ দাদুমণি। স্বাধীনতা মানে কোনো প্রতিবন্ধকতা ছাড়া, নিজের সমাজ, সংস্কৃতি, নৈতিক ও ধর্মীয় মূল্যবোধের সাথে সাংঘর্ষিক নয়, এমন যেকোনো কিছু করতে পারার অধিকার। এতে নিজের ও অপরের কল্যাণ যদি না-ও হয়, তবু কোনো অকল্যাণ যেন না হয় তা খেয়াল রাখতে হবে।

ব্যাপারটা তো দারুণ! তাহলে দাদু, যদি আমরা নিজেদের স্বাধীনতার যথাযথ প্রয়োগ করতে পারি, তবে ঐক্যবদ্ধ হয়ে সুন্দর ও সুখী জীবনযাপনের লক্ষ্য অর্জন করা আমাদের জন্য অনেক সহজ হবে, তাই না? কারণ স্বাধীনতার সঠিক প্রয়োগ করতে চাইলে আমাদের নিজেদের ও অপরের যেন কোনো অকল্যাণ না হয়, সে কথা বিবেচনায় রাখতে হবে।

একদমই তাই! সেটা হয়ত অসম্ভব কিছু নয়, ফাতেমা। তবে অনেকেই স্বাধীনতা ও স্বেচ্ছাচারিতাকে এক ভেবে ভুল করে বসে। এই ভুল ছোট থেকে বড়, এমনকি বিশ্বের বড় বড় নেতারাও করে থাকেন। তাছাড়া, অনেক ক্ষেত্রে কোনো বাধা ছাড়া নিজের যৌক্তিক মত, বুদ্ধি, যোগ্যতার প্রকাশ ঘটানোর মতো সুযোগও থাকে না। তখন তাকে একপ্রকার পরাধীনতা বলা যায়।

ব্যাপারটা অনেক সহজ করে বুঝিয়েছ দাদু। আগে কখনো এভাবে উপলব্ধি করি নি। আফসোস! এই বিষয়টি যদি সবাই বুঝত, তাহলে তো পৃথিবীতে কোনো অশান্তিই থাকত না।

বদল তো একদিনে আসে না দাদুমণি। ধীরে ধীরে আসে। প্রজন্মের পর প্রজন্ম ধরে মানুষ এসকল বিষয় নিয়ে ভেবেছেন ও সমাজের বদল আনার চেষ্টা করেছেন। এখন তোমাদের ও ভবিষ্যৎ প্রজন্মের হাত ধরে আরও বদল আসবে। প্রয়োজন শুধু সচেতনভাবে নিজের স্বাধীনতার প্রয়োগ করা, সকলের মানব-মর্যাদার প্রতি শ্রদ্ধাশীল থাকা। ঐক্য তখন এমনিতেই আসবে। হ্যাঁ, অশান্তি, হানাহানি হয়ত সবসময়ই কিছুটা থাকবে। কারণ সব মানুষ যে সবটা বুঝবে এমনটা আশা করা তো বোকামি। তবে তার জন্য এভাবে মন খারাপ করে বসে না থেকে নিজের দায়িত্বটুকু সচেতনভাবে পালন করতে হবে।

কে বললো আমার মন খারাপ? তুমি থাকতে কি আমার মন খারাপ হতে পারে দাদু?

দাদু হেসে ফাতেমার মাথায় হাত বুলিয়ে দিলেন। তারা বারান্দায় এসে একসাথে পড়ন্ত বিকেলের রোদের সৌন্দর্য উপভোগ করতে থাকে। তাদের বুকে অনেক আশা, আর চোখে একটি সুন্দর পৃথিবীর স্বপ্ন।

বিভিন্ন সংস্কৃতিতে নববর্ষ

রুবাইয়াত সানজিনা রানিলা
শিক্ষার্থী
ডিপার্টমেন্ট অব পাবলিক অ্যাডমিনিস্ট্রেশন

বাঙালির অন্যতম প্রাণের উৎসব বাংলা নববর্ষ বা পহেলা বৈশাখ। মূলত বাংলাদেশ ও পশ্চিমবঙ্গের পাশাপাশি সারা বিশ্বের বাঙালির কাছে বেশ তাৎপর্য বহন করে এটি।

কেবল বাংলাদেশ ও ভারতে নয়, বরং নিজ নিজ ঐতিহ্য আর রীতিনীতি অনুযায়ী প্রতি বছর নতুন বছরকে বরণ করে এশিয়া তথা দক্ষিণ এবং দক্ষিণ-পূর্ব এশিয়ার বিভিন্ন দেশ। এর মধ্যে নেপাল, শ্রীলঙ্কা, মিয়ানমার, কম্বোডিয়া, লাওস ও থাইল্যান্ড বিশেষভাবে উল্লেখযোগ্য।

কোনো অব্দের প্রথম দিন নির্ধারণ করার ক্ষেত্রে পূর্বে দুইটি বিষয় বিবেচনা করা হতো: জ্যোতিষশাস্ত্র এবং খাজনা আদায়ের সুবিধা। জ্যোতিষশাস্ত্রে বিভিন্ন নক্ষত্রের মধ্যে কল্পিত রেখা টেনে বৃষ, কর্কট, সিংহ প্রভৃতি ১২টি রাশি কল্পনা করা হয়। প্রতি মাসে সূর্য নতুন রাশিতে প্রবেশ করার এই সময়টি 'সংক্রান্তি' নামে পরিচিত। এশিয়ার বিভিন্ন দেশে নববর্ষের প্রথম দিন মূলত অর্থনৈতিক কারণে অথবা ফসল ঘরে তোলার পর খাজনা আদায়ে সুবিধাজনক বলে নির্ধারণ করা হয়েছে।

নদীমাতৃক বাংলাদেশে পহেলা বৈশাখ

নতুন বছরের উৎসবের সঙ্গে গ্রামবাংলার সংস্কৃতি ওতোপ্রতোভাবে জড়িয়ে আছে। সাধারণত কোনো খোলা মাঠে বৈশাখী মেলার আয়োজন করা হয় যেখানে থাকে বিভিন্ন রকম শিল্পজাত সামগ্রীর বিপণন, থাকে নানারকম পিঠা পুলির আয়োজন। এই দিনের একটি পুরানো সংস্কৃতি হলো গ্রামীণ ক্রীড়া প্রতিযোগিতার আয়োজন। যেমন : নৌকাবাইচ, লাঠি খেলা, বলী খেলা ইত্যাদি। বর্তমানে সর্বজনীনভাবে বিভিন্ন আয়োজনের মধ্য দিয়ে দিনটি পালিত হচ্ছে। যদিও অতীতের বিভিন্ন সংস্কৃতি যেমন : পটশিল্প, মৃৎশিল্প, বায়োস্কোপ, শাকান্ন, হালখাতা ইত্যাদি সময়ের সাথে আধুনিকতার ছোঁয়ায় অনেকটা হারিয়ে যেতে শুরু করেছে।

বাঙালি জনগোষ্ঠীর বাইরে এই সময়ে পার্বত্য চট্টগ্রামে বসবাসরত ১১ ক্ষুদ্র জাতিগোষ্ঠী, বৃহত্তর সিলেট জেলার মনিপুরী জনগোষ্ঠী নববর্ষ উদযাপন করে।

ত্রিপুরাদের বৈসু, মারমাদের সাংগ্রাই ও চাকমাদের বিজু উৎসব যা বৈসাবি (উৎসব তিনটির নামের আদ্যাক্ষর নিয়ে গঠিত) নামে পরিচিত। চাকমারা চৈত্র মাসের শেষ দুইদিন পালন করে বিজু। যার প্রথম দিনে 'ফুল বিজু', দ্বিতীয় দিনে 'মূল বিজু' ও শেষ দিনকে 'গোর্য্যাপর্য্যার দিন' বলে তারা তিন দিনব্যাপী নববর্ষ উদযাপন করে। তারা পুরানো বছরের বিপদাপদ দূর করার জন্য নদীতে গোসল করে।

অপরদিকে চাকমাদের ন্যায় ত্রিপুরা জনগোষ্ঠীও পহেলা বৈশাখের দুইদিন আগে বৈসু বা বৈসুক নামে নববর্ষ পালন করে থাকে। যার প্রথমদিনে থাকে হারি বৈসু, দ্বিতীয় দিনে বিসুমা ও তৃতীয় দিনে অর্থাৎ পহেলা বৈশাখের দিন থাকে আতাদাক বা বিসিকাতাল।

মারমা আর রাখাইন আদিবাসী গোষ্ঠীর কাছে নববর্ষের উৎসব সাংগ্রাই নামে পরিচিত। এ দিন পানি ছিটানোর 'জলকেলি' উৎসব হয়ে থাকে। পার্বত্য চট্টগ্রামের ম্রো জনগোষ্ঠীও পহেলা বৈশাখে 'চাংক্রান পোই' নামে নববর্ষ উদযাপন করে থাকে।

বৈচিত্র্যময় ভারতের বিভিন্ন রাজ্যে নববর্ষ

ব্রিটিশ শাসনের সময় গ্রেগরিয়ান ক্যালেন্ডারের প্রচলন শুরু হয়। তবে এর অনেক বছর আগে পঞ্জিকা দেখে যে সকল দিন উদযাপন করা হতো, সেগুলো এখনো ভারতের বিভিন্ন প্রান্তে পালন করা হয়। তবে বিভিন্ন রাজ্যে বিভিন্ন নামে তা পালিত হয়ে থাকে। যেমন : পশ্চিমবঙ্গ ও ত্রিপুরাতে পহেলা বৈশাখ, কেরালায় ভিষু, পাঞ্জাবে বৈশাখী, আসামে বিহু, উড়িষ্যায় পান সংক্রান্তি, তামিল নাড়ুতে পুথান্দু।

নতুন বছরকে বরণের পাশাপাশি বৈশাখের প্রথম দিনে হালখাতা পার্বণে মেতে ওঠেন এখানকার বাঙালিরা। পাশাপাশি সিদ্ধিদাতা গণেশ এবং লক্ষ্মীপূজা করেন ব্যবসায়ীরা। প্রচলিত রীতি অনুযায়ী আজও বঙ্গাব্দের প্রথমদিনে কলকাতার বৌবাজার এলাকায় হালখাতা পালিত হয়। পশ্চিমবঙ্গসহ উপরে উল্লেখিত ভারতের বিভিন্ন রাজ্যে বাংলাদেশের মতোই বেশ জাঁকজমক-পূর্ণভাবে নববর্ষ উদযাপিত হয়।

উত্তর ও দক্ষিণ ভারতের কোনো কোনো অঞ্চলের মতো পশ্চিমবাংলায় ১৪ বা ১৫ এপ্রিলে নববর্ষ উদযাপিত হয়। তবে জ্যোতির্বিজ্ঞানী মেঘনাথ সাহা ও তাঁর প্রবর্তিত শকাব্দ সনের সংস্কারের কিছু সংস্কার সাধন করে ভারত সরকার পান্ডে কমিটির যে সংস্কার প্রস্তাবটি গ্রহণ করে, সেখানেও সুস্পষ্টভাবে বলা হয়েছে যে, ১৪ এপ্রিলেই পয়লা বৈশাখ উদযাপিত হবে। প্রাচীন সংস্কার এবং পঞ্জিকা ব্যবসায়ীদের আধিপত্যের কারণে ১৪ বা ১৫–এই দুই দিনের যেকোনো দিন নববর্ষ উদযাপিত হয়।

ভারতের তেলেগু বা কন্নর অঞ্চলেও মার্চ বা এপ্রিল মাসেই নববর্ষ উদযাপিত হয়। দক্ষিণ ভারতের অন্ধ্রপ্রদেশ ও কর্ণাটক রাজ্যে 'যুগাদি' অর্থাৎ নতুন বছর শুরু হয় চৈত্র মাসে। তামিলনাড়ুতেও একই রীতি অনুসরণ করা হয়। তবে কাশ্মীরে নববর্ষ শুরু হয় ১৯ মার্চ। আবার মহারাষ্ট্রে নববর্ষ অন্ধ্রপ্রদেশের মতোই যুগাদি রীতি অনুযায়ী পালিত হয়ে থাকে।

তামিল ভাষায় নববর্ষ পরিচিত 'পুটুবর্ষ পিরাপ্পু' নামে আর এপ্রিল মাসকে তারা বলে 'চিহিরাই' মাস। তামিলনাড়ুতে নববর্ষ পালন করা হয় পহেলা এপ্রিল। চৈত্রপূর্ণিমায় নববর্ষ পালিত হয় অন্ধ্রপ্রদেশে, কেরলে বিশু নামে নববর্ষ পালন হয় ১৪ এপ্রিল। এছাড়া কেরলের দক্ষিণ অংশে আরও একটা নববর্ষ পালন হয় ওনাম নামে যা সেপ্টেম্বরের মাঝামাঝি সময়ে হয়।

অন্ধ্রপ্রদেশে খুব ভোরে উঠে লোকেরা কৃষ্ণা, কাবেরী আর গোদাবরীর জলে স্নান করে নতুন কাপড় পরে বেঙ্কটেশ্বর মন্দিরে পূজো দেয়।

কর্নাটকের নববর্ষ যুগাদি পালিত হয় পহেলা চৈত্রে, যা আকাশের চাঁদ দেখে শুরু হয়। আসামে নববর্ষ পালিত হয় 'বিহু' নামে যা অবশ্য উদযাপন করা হয় বছরে তিন বার। নতুন বছরে প্রথম দিনটিতে হয় বাঙালি বিহু, কার্তিক মাসে হয় কাঙালি বিহু, আর মাঘে হয় ভোগালি বিহু।

হিমালয়কন্যা নেপালে বৈশাখ আয়োজন

১৪ এপ্রিল নেপালের আনুষ্ঠানিক বর্ষপঞ্জিকা বিক্রম সাম্বাতের প্রথম দিন। বৈশাখ উৎসব নামে সর্বজনীন এক উৎসব পালিত হয় দিনটিতে। এছাড়া খাওয়া-দাওয়া, শুভেচ্ছা বিনিময়, খেলাধুলার মধ্য দিয়ে দিনটি পালিত হয়ে থাকে।

ভারত মহাসাগরের মুক্তাখ্যাত শ্রীলঙ্কায় সিনহালা নববর্ষ

সিনহালা নববর্ষ স্থানীয়ভাবে আলুথ আবুরুদ্ধা নামেও পরিচিত। মূলত সিনহালিজদের উৎসব হলেও দেশটির সকল মানুষ এ দিনটি উদযাপন করে। উৎসব চলে প্রায় এক সপ্তাহ ধরে।

নাগরিক আয়োজনের চেয়ে বিভিন্ন প্রতিযোগিতা আর খেলাধুলার আয়োজন বেশি লক্ষ্য করা যায় দিনটিতে। ডিম খেলাতে হাওয়ায় ছুড়ে দেয়া ডিম লুফে নেয়ার প্রতিযোগিতা, গরুর দৌড়, ফসলি মাঠে কাদা খেলা প্রভৃতি বেশ জনপ্রিয়।

মিয়ানমারে থিংইয়ান উৎসব

স্থানীয়ভাবে সেখানকার নববর্ষ থিংইয়ান নামে পরিচিত যা বার্মিজ ভাষায় পরিবর্তন অথবা এক জায়গা থেকে অন্যত্র স্থানান্তরকে বোঝায়। নতুন বছরের প্রথম দিনটি সাধারণত মধ্য-এপ্রিলে হয়ে থাকে। কিন্তু ঠিক নির্দিষ্ট কোন দিনে তা পালিত হবে তা নির্ভর করে মিয়ানমারের সৌর ও চন্দ্র পঞ্জিকার উপর।

এই দিনে মিয়ানমার জুড়ে পানি উৎসব হয় যা প্রায় ৫০০ বছরের বেশি সময় ধরে সেখানকার লোকজন পালন করে আসছে। নববর্ষের চারদিন আগে পানি উৎসব শুরু হয় এবং চলে নববর্ষের দিন পর্যন্ত। তাদের বিশ্বাস সব মানুষের গায়ে পানি উৎসবের পানির ছোঁয়া লাগতে হবে যার ফলে তাদের সকল পাপ মোচন হবে।

অনিন্দ্য সুন্দর লাওসের সংক্রান উৎসব

লাওস, উত্তর-পূর্ব-মধ্য মূল ভূখণ্ড দক্ষিণ-পূর্ব এশিয়ার ল্যান্ডলকড দেশ। নেপালের মতো এখানেও সৌরপঞ্জিকা অনুযায়ী বৈশাখের প্রথম দিনটি পালন করা হয়ে থাকে যা স্থানীয়ভাবে সংক্রান বা পি-মেই, নামে পরিচিত। দেশটিতে তিন দিন ধরে চলে নানা উৎসব আনুষ্ঠানিকতা।

এশিয়ার ইউরোপখ্যাত কম্বোডিয়ায় খেমার নববর্ষ

১৪ এপ্রিল খেমার নববর্ষ পালন করা হয়। এছাড়া দিনটিকে বলা হয় চাউলতানাম থিমেত অর্থাৎ নতুন বছরে প্রবেশ করা। বৌদ্ধ মন্দিরে এদিন সকালে ধর্মীয় আচার পালনের মধ্য দিয়ে দিনটির সূচনা হয়। তারপর প্যাগোডা বা বৌদ্ধমন্দির চত্বরে ঐতিহ্যবাহী নৃত্যের মাধ্যমে নতুন বছরকে স্বাগত জানাতে শুরু করেন সেখানকার অধিবাসীরা। এ সময় রশি বা দড়ি টানাটানি খেলাসহ নানা ধরনের লোকজ খেলা ও প্রতিযোগিতার আয়োজন করা হয়।

নিয়ন আলোর দেশ থাইল্যান্ডে সংক্রান উৎসব

সংক্রান শব্দটি মূলত সংস্কৃত ভাষার শব্দ সংক্রান্তি থেকে এসেছে। ১৩ এপ্রিল শুরু হয়ে এখানে উৎসব চলে ১৫ এপ্রিল পর্যন্ত। তবে ২০১৮ সালে থাই সরকার ১২ এপ্রিল থেকে ১৬ এপ্রিল পর্যন্ত উৎসবটি পালন করার ঘোষণা দিয়েছে। নববর্ষে এদেশের সবচেয়ে বড় আকর্ষণ পানি উৎসব যেখানে প্রায় সকল বয়সের মানুষ অংশগ্রহণ করে থাকে।

আক্ষেপ

মো. কাইয়ুম আলী
শিক্ষার্থী
ডিপার্টমেন্ট অব পাবলিক অ্যাডমিনিস্ট্রেশন

চারদেয়ালে বন্দি থাকতে থাকতে হাড় হাড্ডিতে মরিচা পড়ে গেছে। তাই ইদানীং নিয়ম করে রাতের বেলা হাঁটতে বেরোই। অন্ধকারে বসে থাকার চাইতে মনুষ্য জাতির চাঞ্চল্য উপভোগ করায় এক প্রকার আনন্দই লাগে। বাজারে যেতে গলির ঠিক শেষ মাথায় বাবলু ভাইয়ের চটপটি-ফুচকার ভ্যান দেখা যাবে। মজার ব্যাপার হলো, তিনি বাচ্চাদের কাছ থেকে কোনো টাকা রাখেন না। এর পেছনের কারণটা বেশ যন্ত্রণাপূর্ণ। বছর দুই আগে রোড এক্সিডেন্টে তিনি তার ছোটমেয়ে টুম্পাকে হারান। সেদিন বাবলু ভাইকে আর্তনাদ করে কাঁদতে দেখেছিলাম। টুম্পা ফুচকা ও চটপটি খেতে খুব পছন্দ করতো। মূলত এজন্যই বাবলু ভাইয়ের এই আয়োজন। ব্যবসায় ব্যস্ত থাকলেও এক ওয়াক্ত নামাজ বাদ যায় না তার। আযান শোনা মাত্রই ব্যবসার চিন্তা যেন উবে যায়। সব ফেলে রেখে মসজিদের উদ্দেশ্যে হাঁটা দেন। তাকে দেখলে কেন যেন অজান্তেই নিজের প্রতি সূক্ষ্ম ক্ষোভ জমা হয়।

আরেকটু সামনে এগোতেই একটা ছোটখাট অসম্পূর্ণ একতলা বাড়ি চোখে পড়ে। বাড়ির সামনে একটা ছোট্ট বারান্দার মতো জায়গা। ওখানে পাটি পেড়ে বসে থাকেন এক ভদ্রমহিলা। তার চারপাশে অল্প বিস্তর কাচা সবজির ডালা থাকে। এই ভদ্রমহিলাকে আমি কোনোদিন হাসতে দেখিনি। কেমন নির্লিপ্ততায় ডুবে থাকেন সবসময়। খোঁজ নিলে জানা যায় স্বামী বিয়োগ ঘটেছে বছরখানেক হলো। জমানো টাকা দিয়ে স্বপ্নের বাড়ি গড়তে গিয়ে, সম্পন্ন করার আগেই অসুস্থতার সম্মুখীন হন ভদ্রমহিলার স্বামী। বাকি জমানো টাকা চিকিৎসায় ব্যয় করেও শেষ রক্ষা হয়নি। এখন এই অসম্পন্ন বাড়িটাই একমাত্র সম্বল। এই অসচ্ছল অবস্থার কারণে বড় মেয়েটার বিয়েও আটকে আছে। পাত্রপক্ষ একগাদা যৌতুক চেয়ে বসে। ছোট ছেলেটাকে মানুষ করার জন্য স্কুলে পাঠান। পড়ালেখা শিখিয়ে অনেক বড় করবেন ভেবে ভালো একটা স্কুলে ভর্তি করিয়েছিলেন। এখন স্কুলের ফি দিতে না পারায় পড়ালেখা বন্ধ হওয়ার উপক্রম। হয়ত এসব নিয়েই সারাক্ষণ ভাবতে থাকেন তিনি।

বাজারে ঢুকতেই বড়সড় একটা চালের গোডাউন চোখে পড়ে। রমিজ মিয়ার চালের ভান্ডার। এক প্রকার একচেটিয়া ব্যবসায় মেতে আছেন তিনি। আশেপাশে আর কারো চালের দোকান নেই। থাকলেও রমিজ মিয়ার দাপটে কেউ টিকতে পারেন না। তার শ্যালক অনেক বড়সড় একজন লোক। এই সুযোগের পূর্ণ ব্যবহার করেন তিনি। প্রায় সময়ই অতিরিক্ত লাভের আশায় চালে পাথর মিশিয়ে বিক্রি করেন। কেউ কোনো অভিযোগ করলে এক প্রকার এড়িয়েই চলে যান ব্যাপারটা। পান চিবুতে চিবুতে নিজের ও নিজের দোকানের প্রশংসা জুড়ে দেন- 'প্রায় পনেরো বছর একইভাবে ব্যবসা করতাছি। সবাই আমারে এক নামে চেনে। কুনোদিন কারো মুখে আমার আর আমার ব্যবসার নামে কুনো অভিযোগ শুনি নাই। সবাই আমারে সম্মান করে। আমিও এলাকার সবাইরে অন্তর থিকা বালোবাসি!' রমিজ মিয়া সত্যিই তার এলাকার সবাইকে খুব ভালোবাসেন। এইতো সেদিনের ঘটনা, ট্রাক থেকে চালের বস্তা নামাতে গিয়ে টাল সামলাতে না পেরে এক বৃদ্ধের কাছ থেকে বস্তাটা মাটিতে পড়ে চারিদিকে চাল বের হয়ে ছড়িয়ে যায়। রমিজ মিয়া ঘটনা দেখেই হায় হায় করে কপাল চাপড়াতে চাপড়াতে এসে বৃদ্ধ লোকটাকে একটা লাথি দিয়ে বসলেন। মুখ ভর্তি পানের পিক থুঃ করে ফেলে বললেন, 'এই তোগো মতো বেক্কলদের লাইগা আমার ব্যবসাডার লাল বাত্তি জ্বলবো। কাম পারোস না তো কী করতে আইছোস!'

অনেক হাঁটা হাঁটি করলাম। ঘরে ফেরা দরকার। সেই পরিচিত গলি! প্রতিটি ইট পাথরে যেন আমার স্পর্শ লেগে আছে। গলির মোড়ে ভাজাপোড়ার দোকান বসে। ভাজাপোড়া খুব পছন্দের ছিল। এখন চাইলেও খেতে পারি না। কিছুদূর সামনে এগোলেই এক উঁচু বাসাবাড়ি। মাথা তুলে দেখলাম দোতলায় আলো জ্বলছে। কারণ কদিন আগে এই বাসায় ঘর আলোকিত করে এক ফুটফুটে কন্যা সন্তান জন্ম নিয়েছে। তারই যত্নআত্তি চলছে। কিন্তু ঠিক পাশের বাসাটাতে ঘুটঘুটে অন্ধকার। এরকমই অন্ধকার কয়েকমাস আগে দিন দুপুরে নেমে এসেছিল এই পরিবারটার ওপর। মধ্যবিত্ত পরিবার। মাস খানেক আগে, সকালে আবীরের

রুমের দরজা বন্ধ পাওয়া যায়। আবীর কখনোই দরজা বন্ধ করে ঘুমাতো না। আবীরকে ডেকেও কোনো সাড়াশব্দ পাওয়া যায় না। একপর্যায়ে দরজা ভাঙলে আবীরের মৃতদেহটা ঝুলন্ত অবস্থায় পাওয়া যায়। পরিবারের বড় ছেলে ছিল আবীর। ভালো ছেলে হিসেবে পাড়ায় প্রচুর নামডাকও ছিল। কিন্তু আবীরের বয়সটা, কেমন যেন ছিল! এই বয়সটাতে পা রাখতেই কেমন সব হাজার রকমের অদ্ভুত চিন্তা দ্বারা ঘেরাও হয়ে পড়ে সে! লকডাউনে অনেকদিন ধরেই পরিবারের সাথে দিন পার করছিল। একপ্রকার বেকার। বাবা মার ধারণা ভার্সিটিতে উঠলেই ছেলে স্বনির্ভর হবে, পরিবারকে সাপোর্ট করবে। কিন্তু আবীর তার বাবা-মা'র প্রত্যাশা পূরণে একপ্রকার ব্যর্থ ছিল। উঠতে বসতে অবমাননার স্বীকার হতো সে। আবীর বুঝতে পারে, একটা নির্দিষ্ট পর্যায়ে পরিবারের সাথে থাকাটা কতোটা ভয়াবহ। শুধুই সম্পর্ক খারাপ হয়। এসব কিছু হয়তো নিতে পারে নি আবীর। তাই ঝুলে পড়েছিল। কী ভুলটাই না ছিল! এখন ভাবলেই আক্ষেপ হয়।

হাঁটতে হাঁটতে শুনশান এক জায়গায় চলে এলাম। চাঁদ উঠেছে। চারিদিকের নির্জনতা ভেদ করে রি রি শব্দে ঝিঁ ঝিঁ পোকা ডেকে চলেছে। কচুরিপানায় ভর্তি পুকুর থেকে হঠাৎ হঠাৎ পানির শব্দ পাওয়া যাচ্ছে। কিছুদূর এগুতেই কিছু একটার সাথে হোঁচট খেয়ে পড়তে গিয়ে কোনো রকমে নিজেকে সামলে নিলাম। দেখলাম কেউ একজন নিচু হয়ে কিছু একটা খুঁজছিল। এ বেটা রাফিদ। আগে ব্যাডমিন্টন খেলতাম একসাথে। ও হয়তো আমাকে ঠিক চিনতে পারে নি। চারপাশটা চাঁদের মৃদু আলোতে তেমন একটা বোঝাও যাচ্ছে না। ওকে জিজ্ঞেস করলাম, 'কি খুঁজছিলে?'

ও কেমন ভাঙা ভাঙা গলায় বললো, 'না মানে ঐ, পাঁচ টাকার কয়েন টস করতে করতে হাঁটছিলাম। হঠাৎ করেই হাত থেকে পড়ে যাওয়াতে খুঁজছিলাম আর কি! অন্ধকার তো, তাই খুঁজে খুব একটা সুবিধা করতে পারছিলাম না।'
-হা হা। তা পেলে তোমার পাঁচ টাকা?
: হ্যাঁ পেয়েছি।
-তুমি সামনের দিকেই তো মনে হয় এগোবে? একসাথেই যাওয়া যাক তাহলে?
: হ্যাঁ। সেটাই ভালো হবে। এমনিতেই রাত অনেক হয়েছে। একা হাঁটতে ভয় করে অনেক।
-ভয়! কিসের ভয়?
: ইয়ে মানে ভূতের ভয়।
-ভূতের ভয়! আজকাল তো মানুষ ভুতের চেয়ে বেশি করোনা কে ভয় পায়!
: তা যা বলেছো!

-এই যে দেখো, এতো রাত হয়ে গেছে। চারিদিক একেবারেই জনমানবশূন্য, তবু মুখ থেকে তোমার মাস্ক নামেনি।

রাফিদ হাসতে হাসতে বললো, 'একদমি খেয়াল ছিলো না খুলে রাখার কথা। একপ্রকার অভ্যাস হয়ে গেছে... এহহে তোমার পরিচয় ই জানলাম না। তোমাকে চেনা চেনাও লাগছে আবার বুঝতেও পারছি না কে তুমি। নাম কী তোমার? বাসা কোথায়, থাকো কই?'

রাফিদ অনেকগুলো প্রশ্ন একসাথে করে বসলো। আমি দাঁড়িয়ে গেলাম। কিছুক্ষণ সময় নিয়ে আমি ওকে আঙ্গুল দিয়ে দেখিয়ে বললাম, 'ঐ যে কড়ই গাছ টা দেখছো, ওটার নিচেই আমি থাকি।'

রাফিদ আমার দিকে অবাক দৃষ্টিতে তাকিয়ে বললো, 'মশকরা করছো?'
'কেন? মশকরা করবো কেন?'
রাফিদ বললো, 'ঐ কড়ই গাছটার নিচে গলায় দড়ি দিয়ে মারা যাওয়া আবীর ভাই এর কবর...'

কথাটা বলেই রাফিদ এক প্রকার ঝট করে আমার মুখের দিকে তাকালো। আমি মুচকি হাসলাম। মৃদু চাঁদের আলোতে দেখতে পেলাম তার চোখে মুখে গুরুতর আতঙ্কের ছাপ!

মাতৃত্ব বনাম অধ্যয়ন : এক অনন্য অভিজ্ঞতা

জান্নাতুল ফেরদৌস ইতি
শিক্ষার্থী
ডিপার্টমেন্ট অব সোশিওলজি

মাতৃত্ব নাকি অধ্যয়ন? এই দ্বিধার সামনে দাঁড়িয়ে, যেকোনো একটিকে বেছে নিয়ে এগিয়ে যাওয়া হয়তো সহজ, কিন্তু দু'টি লক্ষ্যকে একসঙ্গে ধারণ করে সম্মুখে অগ্রসর হওয়া সত্যিই কঠিন। জীবনের এই জটিল সমীকরণে একজন শিক্ষার্থী হিসেবে নিজেকে আত্মবিশ্বাসী হিসেবেই চিনেছি। গতবছর আমি মাতৃত্বের পরিচয় লাভ করি। জন্মের আটদিন পর তার সাথে আমার প্রথম আলিঙ্গনে মাতৃত্বের স্নেহমাখা মধুর অনুভূতিকে স্পর্শ করার সৌভাগ্য হয়। হাঁটি হাঁটি পা পা করে মাতৃত্বের ৩৬৫ দিনের দ্বারপ্রান্তে চলে এসেছি। এই অবস্থানে দাঁড়িয়ে প্রতিটি মুহূর্তের সংগ্রাম আর অভিজ্ঞতাগুলো লিখে সত্যিকারের অনুভূতি ফুটিয়ে তোলা একটু কঠিন। তাই এই যাত্রার একটি মাসের অভিজ্ঞতা তুলে ধরার প্রয়াস পেয়েছি যেখানে আমাদের দেশের চিকিৎসা ব্যবস্থার কিছু গুরুত্বপূর্ণ দিকও প্রতিফলিত হবে।

সময়টা তার পঞ্চম মাস। হঠাৎ লক্ষ করি সে খুব দ্রুত নিঃশ্বাস নিচ্ছে। হাসপাতালে নেওয়ার পর ডাক্তার প্রাথমিকভাবে এক সপ্তাহ নেবুলাইজ করতে বললেন। কিন্তু না, নেবুলাইজ করার পরও নিঃশ্বাস তার আগের গতিতেই চলমান। তারপর ডাক্তার এ অবস্থা দেখে ইমার্জেন্সি ভর্তি করতে বললেন। হঠাৎ করে মনে হলো আমার শরীরের দাঁড়িয়ে থাকার ক্ষমতা হ্রাস পাচ্ছে, কারণ ভাবতেই পারছিলাম না কালকের প্রেজেন্টেশনটা কীভাবে দিবো! কিন্তু নিজেকে সামলে নিয়ে ভর্তি কার্যক্রম সম্পন্ন করলাম। পরবর্তী পদক্ষেপ হিসেবে তাকে আরো পাঁচ ধরনের টেস্ট দেয়া হলো, যার মধ্যে চারটি ছিলো ব্লাড টেস্ট। ব্লাড টেস্টের জন্য চারটি টিউব নিয়ে আসলাম। তিন থেকে চারবার বলার পর নার্স আসলো ব্লাড নিতে। চারটি টিউব এ পরিমাণমতো ব্লাড নিতে ওই ছোট মানুষটার ৬ জায়গায় ইনজেকশন পুশ করলো। সবচেয়ে কষ্টের বিষয় হলো ওই মুহূর্তে সন্তানের হাত পা ধরে বসে ছিলাম আমি আর সেই অনুভূতি কোনো কিছু দিয়ে প্রকাশ করা আমার পক্ষে সম্ভব নয়। অতঃপর নিজেকে সামলে নিয়ে টিউবগুলো ল্যাবে জমা দিতে যাই। তিনটা টিউব জমা দিয়ে আসার পর যখন চার নম্বর টিউব জমা দিবো তখন ল্যাবের লোকটি বললো 'এই ব্লাড বাতিল কারণ টিউবে নেয়ার পর নিশ্চয়ই এটা ঝাঁকানো হয়েছে আর তাই এটা জমাট বেঁধে গেছে। জমাট বাঁধা রক্ত দিয়ে এই টেস্ট হয় না।' আর দাঁড়িয়ে থাকতে পারলাম না। শুধু সৃষ্টিকর্তাকে বলতে লাগলাম 'তুমি যাকে বেশি ভালোবাসো তাকেই এত পরীক্ষা দাও কিন্তু তোমার এই বান্দার যে আর ভালোবাসা বহনের শক্তি নেই, নিজের চোখের সামনে সন্তানের এই কষ্ট যে আর দেখতে পারছে না।' তারপর অনেক কষ্টে আবার বেড এ আসলাম এবং নার্সদের গিয়ে বললাম,

-কেন করলেন এমন? আপনারা তো ট্রেনিংপ্রাপ্ত এবং এটা খুব ভালো করে জানেন যে জমাট বাঁধা রক্ত দিয়ে এই টেস্ট হয় না। তাহলে কেন ওইভাবে টিউবটা ঝাঁকালেন?

: টিউবে একটা মেডিসিন থাকে যেটা ব্লাডকে জমাট বাঁধতে দেয় না, এমনকি ঝাঁকালেও না।
-তাহলে জমাট বাঁধলো কীভাবে?
: হয়তো টিউবে সমস্যা ছিলো।
তারপর আম্মু পুনরায় আরেকটা টিউব নিয়ে আসলো এবং আমার সন্তানকে সপ্তমবারের মতো ইনজেকশন পুশ করা হলো। না

এখানেই শেষ না। এই ব্লাডও ল্যাব থেকে বাতিল বলে ঘোষণা করলো এবং আরেকটি নতুন টিউব দিয়ে বললেন, 'কোনোভাবেই ঝাঁকাবেন না।' কিন্তু আমি অষ্টমবারের মতো সন্তানকে ইনজেকশন পুশ করার অনুমতি দিতে ব্যর্থ হলাম। তখন তার বাবার সাথে আলোচনা করে সিদ্ধান্ত নিই যে এই টেস্ট বাইরে অন্য বেসরকারি হাসপাতাল থেকে করাবো। এবং মজার বিষয় হলো ঐ বেসরকারি হাসপাতালে একবারেই ব্লাড নিতে পারলো, যেখানে দেশের মেডিকেল বিশ্ববিদ্যালয় হাসপাতালে সাতবারের চেষ্টায়ও পারলো না।



সারাদিনের এই টেস্ট সেই টেস্ট নিয়ে দৌড়ঝাঁপের পর তাকে ঘুম পাড়িয়ে রাত ১ টার দিকে যখন একরাশ ক্লান্তি নিয়ে নিদ্রাচ্ছন্ন চোখে নিজের অ্যাসাইনমেন্ট নিয়ে বসলাম ঠিক তখন জানালার বাইরের লালাভ আলোক বিচ্ছুরণ চোখে পড়লো। প্রথমে ভেবেছিলাম ক্লান্ত চোখের বিভ্রম কিন্তু পরক্ষণেই নাকে ইলেক্ট্রিক তার পোড়া গন্ধ আসলে জানালার কাছে গিয়ে বাইরের পাশটা দেখার চেষ্টা করি। বাইরে তাকাতেই যা দেখলাম তার জন্য দেহ মন কোনোটাই প্রস্তুত ছিলো না। দেখতে পেলাম আমরা যেই ভবনে ছিলাম সেই ভবনের তৃতীয় তলার একটি এসিতে আগুন জ্বলছে। তৎক্ষণাৎ আম্মু এবং তাকে নিয়ে নিচে নেমে এলাম। দেখতে পেলাম ইতোমধ্যে অনেক রোগীই নেমে গিয়েছে এবং আরো রোগী নামছে... এদের মধ্যে অনেক রোগীকেই কোলে করে নামানো হয়েছে, আবার কাউকে তো অক্সিজেন সিলিন্ডারসহ নামানো হয়েছে। এইসব দৃশ্য দেখে শুধু মনে হচ্ছিল এত বড় হাসপাতালে এই ধরনের দুর্ঘটনা! তাও আবার রোগীদের জানানোরও প্রয়োজন মনে করে না! কী হতো যদি আরো আগেই ঘুমিয়ে যেতাম! এত কিছুর পরও ঠিক সকালবেলা সন্তানের সবকিছু গুছিয়ে শাহবাগ থেকে ভার্সিটির ৬টা ৫০ মিনিটের বাস ধরলাম।

একদিন ঠিক রাত ২ টার দিকে তার কান্নায় ঘুম ভাঙে। কোলে নিতেই দেখি জ্বরে গা পুড়ে যাচ্ছে। নার্সকে ডাকলাম কিন্তু নার্স ঘুম ঘুম চোখে বললেন,

-কি হয়েছে?
: দয়া করে একটু ডিউটি ডাক্তারকে বলুন রোগীর গায়ে ১০৩ ডিগ্রি জ্বর, কী করবো?
-সামান্য জ্বরের জন্য ডিউটি ডাক্তারকে ফোন দেয়া যাবে না, নাপা সিরাপ খাইয়ে দিন।
: আমাকে বলা হয়েছে আমার সন্তানের চলমান মেডিসিনের প্রতিক্রিয়াতে জ্বর আসতে পারে। ওর যেহেতু এত হাই পাওয়ারের ওষুধ চলছে সেহেতু নাপা খাওয়ানো যাবে কিনা এটা দয়া করে ডাক্তারের কাছ থেকে নিশ্চিত হয়ে নিন।
-না এখন ফোন দেয়া যাবে না।

অবশেষে সেই জ্বর নিয়েই তাকে পুরো রাত কাটাতে হলো। আর সেই অবস্থায় সন্তানকে রেখে একজন মায়ের ক্লাসে উপস্থিত হওয়া কখনোই সম্ভব না।

কিছুদিন আগে যখন ফিল্ড ট্রিপের জন্য কুমিল্লা বার্ড-এ যাওয়ার সিদ্ধান্ত হয় তখন থেকেই শুরু হলো এক মানসিক চাপ। বুঝতেই পারছিলাম না, আদৌ স্টুডেন্ট মাদাররা যাওয়ার অনুমতি পাবে কিনা!!!!! অনেক দ্বিধাদন্দ্বের পর কোর্স-টিচার আশ্বস্ত করলেন আমরা যেতে পারবো। সেখানে পৌঁছানোর পরই যে অভিজ্ঞতার সম্মুখীন হলাম তার জন্য আমি একদমই প্রস্তুত ছিলাম না। মেয়েদের হোস্টেলে যাওয়ার পর শুনতে পারলাম আমরা যারা স্টুডেন্ট মাদার আছি তাদের সাথে অন্য মেয়েরা রুম শেয়ার করতে চায় না, আমরা থাকলে তাদের রিসার্চ এর ক্ষতি হবে। তাদের দাবি আমরা নাকি অতিরিক্ত সুবিধা পাচ্ছি। বুঝতে পারলাম, যে সমাজে মেয়েরাই মেয়েদের পরিস্থিতি বোঝে না সে সমাজের তথাকথিত "উইমেন এমপাওয়ারমেন্ট" এর বুলি আওড়ানো সময় অপচয় ছাড়া আর কিছুই নয়।

মাতৃত্বের এই টানাপোড়েনে সবচেয়ে কষ্টের বিষয় হয়ে দাঁড়ায় পড়াশোনা বন্ধের জন্য সামাজিক চাপ। আশেপাশের সবাই প্রত্যক্ষ এবং পরোক্ষভাবে পড়াশোনা বন্ধের পরামর্শ দিচ্ছিলো। সবচেয়ে আশ্চর্যজনক ব্যাপার হলো তার কিছুদিন আগেই যখন আমি আমার সন্তানকে নিয়ে ভার্সিটি গিয়েছিলাম তখন আমার এক শিক্ষিকাই (অন্য বিভাগের) আমাকে বলেছিলেন 'এই ছোট

বাচ্চাকে নিয়ে ভার্সিটি আসার কী দরকার?...এত পড়ে কী দুনিয়া উদ্ধার করবা?...এই ছোট বাচ্চাকে নিয়ে উনি আসছে সোশিওলজি পড়তে....যাও বাসায় যাও...একটা সেমিস্টার ড্রপ দিলে কী হবে!' হ্যাঁ তিনি আমার সন্তানের ভালোর জন্য কথাগুলো বলেছেন কিন্তু তিনি এটা একবারও চিন্তা করেননি এটা আমার মনোবলকে দুর্বল করে দেবে...আর সেটাই হয়েছিল আমি তৎক্ষণাৎ সিদ্ধান্ত নেই সেমিস্টার ড্রপ দেবো। আর ঠিক তখন আমার হারিয়ে যাওয়া মনোবল ফিরিয়ে আনলো একজন পুরষ, আমার সন্তানের পিতা। সেদিনের পর থেকে আর কোনোদিন আমার মনোবল ভাঙেনি। যে যাই বলুক আমি আমার সিদ্ধান্ত পরিবর্তন করিনি।

আগেই বলেছিলাম মাতৃত্বের এবং অধ্যয়নের টানাপোড়েনের সকল সংগ্রাম, বিষাদ, অসহায়ত্ব লিখিত আকারে প্রকাশ করা কঠিন। আমি লিখতে পারবো সেইদিন হাসপাতালে বসেও অনলাইনে এক্টিভলি ক্লাস করেছিলাম, হাসপাতালে বসেই টার্ম পেপারের কাজ করেছিলাম এবং নিয়েছিলাম ক্লাস টেস্টের প্রস্তুতিও। কিন্তু এটা লিখতে পারবো না এর জন্য আমাকে কতটা প্রেসার নিতে হয়েছে, লিখতে পারবো না কীভাবে সকালে সন্তানের সবকিছু প্রস্তুত করে দৌড়ে দৌড়ে শাহবাগ থেকে মিরপুর সেনানিবাসে গিয়ে ক্লাস করেছি। এটা লিখে বোঝানো সম্ভব না ক্লাসে ঢুকলেই যখন সবাই সন্তানের কথা জিজ্ঞেস করতো তখন কেমন লাগতো, ক্লাস শেষ করে প্রিয় বান্ধবীকে অনেক কথা বলার থাকলেও সেসব কিছু ফেলে কীভাবে আবার দৌড়ে দৌড়ে সন্তানের কাছে ফিরে আসতাম। প্রতিদিন রিলিজের আশায় থেকে একমাস ধরে যখন প্রতিদিন শুনতাম যে আজকে রিলিজ হবে না সেই মুহূর্তের অনুভূতি আমি কীভাবে প্রকাশ করবো! সেই অনুভূতিই বা কীভাবো লিখবো একটা ক্লাস মিস গেলে আমার কেমন লাগতো, যেই আমি অনার্স লাইফে কোনোদিন ক্লাস মিস দেইনি। আর ওই যে ওই অনুভূতির কী হবে যেদিন ডাক্তার বলেছিলেন 'আপনার সন্তানকে আইসিইউতে রাখতে হবে' এবং সেটা মাথায় নিয়েই পরেরদিন প্রেজেন্টেশন দেয়ার যে ব্যাপারটা!

দিন শেষে আমি যেমন একজন মা তেমনি একজন শিক্ষার্থী। তাই আমার নিজের প্রতি দৃঢ় প্রত্যয় রেখেই কাজ করতে হয়। সকল হতাশা দূর হয়ে যায় যখন দেখি এত সংগ্রামের মধ্যেও আমি সর্বোচ্চ সিজিপিএপ্রাপ্তদের একজন। ভার্সিটি থেকে ফেরার পর আমার সব ক্লান্তি আর অবসাদ হারিয়ে যায় যখন আমার সন্তান আমার কণ্ঠ শুনেই খুশিতে নাচতে থাকে, মায়ের ঘর্মাক্ত শরীরকে জাপটে ধরে। সন্তান একদিন বড় হবে, পড়াশোনাও শেষ হবে... রয়ে যাবে শুধু আমার এই যুদ্ধক্ষেত্রের স্মৃতিগুলো...।

মেঘে ঢাকা ভোর

এস এম নাজিব উল আলম
শিক্ষার্থী
ডিপার্টমেন্ট অব ইনফরমেশন অ্যান্ড কমিউনিকেশন টেকনোলজি

এ জগতে পিকুর দিদিমা ছাড়া আর কেউ নেই। পিকুর দিদিমারও এই একমাত্র নাতি ছাড়া কেউ নেই। পিকুর দিদিমাই হলো একমাত্র বন্ধু। তার হাসি কান্না, ভালো লাগা, না লাগা সবই দিদিমাকে ঘিরে। পিকুর এমন কপাল–দুধ খাওয়া বয়সে সড়ক দুর্ঘটনায় মা-বাবাকে হারিয়েছে। সেই দুর্ঘটনায় পিকু কী করে যে বেঁচে গেল; সেটাই সবাই অবাক মানে। তার একমাত্র সন্তান ও সন্তানের বউকে হারিয়ে এই একমাত্র নাতিকে নিয়ে বেঁচে থাকার সান্ত্বনা খুঁজে দিদিমা। পিকুর বয়স এখন বছর ছয়েক হবে। ক্লাস টু তে পড়ে। এ বয়সে একটা বাচ্চা যে ধরনের চালাক চতুর হয়ে থাকে, পিকুর মাঝে তা দেখা যায় না। বাইরের জগতে সে অনেকটা আড়ষ্ট, জবুথবু হয়ে থাকে। কী যেন ভয় তাকে সবসময় তাড়া করে বেড়ায়। তার আশেপাশের মানুষগুলোর কথাবার্তা চলাফেরা পিকুর একদম ভাল লাগে না। মানুষগুলোকে দেখলে কেমন যেন ভয় ভয় করে। তার ক্লাসের মোটা দুলাল তাকে প্রতিদিন টেনে এনে তার পাশে বসাবেই। এটা করবি না, ওটা করবি না বলে শাসাতে থাকে। দুলাল যখন বলে 'এই তুই আমার কথা না শুনলে টিচারকে তোর বিরুদ্ধে মিথ্যা বলে মার খাওয়াবো', পিকু তখন চুপসে যায়। দিদিমা প্রতিদিন টিফিন বক্সে করে টিফিন দেয়। দুলাল এবং আরও কয়েকজন মিলে ঐ টিফিনের প্রায় সবটাই খেয়ে ফেলে। পিকু কিছুই বলতে পারে না ভয়ে। ক্লাস টিচার শীলা ম্যামকে কে যেন বলে দিয়েছিল দুলাল পিকুর টিফিন খেয়ে ফেলে। শীলা ম্যাম এসে দুলালকে বকাঝকাও করেছিল। তাতেও দুলাল দমে নাই। পিকুর পেছনে দুলাল সবসময় লেগেই থাকে। তবে কিছু কিছু মানুষকে পিকুর ভাল লাগে। স্কুলের শীলা ম্যাম, হেডমিস্ট্রেস ম্যামকে দেখলে পিকুর ভয় ভয় ভাবটা কেটে যায়। শীলা ম্যাম মাঝে মধ্যে টিফিন পিরিয়ডে পিকুকে ডেকে নিয়ে যায়। 'কিরে পিকু, দুলাল তোর টিফিন খেয়ে ফেলেছেতো। এদিকে আয়'- বলেই ম্যাম এটা ওটা খেতে দেয়। আর আদর করে বলে, 'পিকু, বোকাসোকা হওয়া চলবে নারে।' হেডমিস্ট্রেস ম্যাম প্রতিদিন ক্লাস ভিজিটে এসে পিকুর কাছে আসবেই, পিকুর চুলগুলো বিলি কেটে দিয়ে বলবে- 'পিকু, মুখটা শুকনো কেন? মন খারাপ? মন খারাপ হলে আমার কাছে চলে আসবে-কেমন।' পিকু মাথা নাড়ে। পিকুর তখন মনে হয় 'মায়েরা বোধ হয় এমনই হয়।' পিকুর বুকের ভেতর হঠাৎ করে একরাশ শূন্যতা নেমে আসে। ভেতরে ভেতরে কেমন যেন কান্না উথলে উঠে।

বাসায় দিদিমার কাছে একটা লোক আসে। লোকটাকে দেখলে পিকুর খুব ভয় পায়। পিকু তখন ভয়ে জড়সড় হয়ে যায়। লোকটা দিদিমার সঙ্গে রেগে রেগে কথা বলে। পিকুর দিকে কেমন করে যেন তাকায়। যেন এখনি মারতে আসবে। লোকটা চলে গেলে পিকু দিদিমার বুকে মুখ লুকায়। দিদিমা বলে–'পিকুরে ঐ বর্ণচোরা আমার মায়ের পেটের ভাই ও আমার সব সম্পত্তি, টাকাপয়সা আত্মসাৎ করতে চায়। তোকে এতিমখানায় পাঠিয়ে আপদ বিদায় করতে চায়। পিকু আমি মরে গেলে তুই অনেক দূরে পালিয়ে যাবি, ও তোকে বাঁচতে দেবে না পিকু'–বলতে বলতে দিদিমা পিকুকে আরও জোরে বুকে জড়িয়ে ধরে বিলাপ করতে থাকে। পিকু এসব মরে-টরে যাওয়া বুঝে না। পিকু বুঝে-এ জগতে দিদিমাই হলো তার সব, দিদিমা ছাড়া তার এক মুহূর্ত চলবে না। স্কুল থেকে আসলে দিদিমা তাকে যত্ন করে গোসল করাবে, সামনে বসিয়ে ভাত খাইয়ে দেবে। সন্ধ্যায় পড়তে বসাবে। পড়া শেষে গল্প বলতে বলতে ঘুম পাড়াবে। দিদিমার গল্পটা খুব মজার। মাঝে মাঝে এমন সব গল্প বলে হাসতে হাসতে পিকুর পেটে খিল ধরে যায়। কখনো কখনো হাসতে হাসতে দিদিমার বুকে লুটোপুটি খায়। সেদিন দিদিমা বলছিল 'পিকু, শরীরটা ভাল লাগছে না। কেমন যেন মাথা ঘুরছে। একটু ডাক্তারের কাছে যেতে পারলে ভালো হতো। আয় তোকে খাইয়ে দিয়ে একটু তাড়াতাড়ি ঘুমাবো।' পিকু শান্ত ছেলের মতো খেয়ে নিল। দিদিমা আজ গল্প বললোনা। পিকুও চুপচাপ দিদিমার বুকে মাথা রেখে ঘুমিয়ে পড়ল। সকালে ঘুম ভাঙলে পিকু দেখে, দিদিমা তখনও শুয়ে আছে।

পিকুর অবাক লাগলো। দিদিমাতো এমন করে না। সেই ভোরেই উঠে যায়। পিকুর জন্য নাস্তা তৈরি করে। ব্যাগে বই খাতা গুছিয়ে দেয়। মাঝে মাঝে ডাকতে থাকে 'পিকু উঠ দাদু, উঠ স্কুলের দেরি হয়ে যাচ্ছে যে।' সেই দিদিমা এখনও উঠছে না, পিকু দিদিমাকে এবার ধাক্কা দিতে লাগলো। ও দিদিমা উঠো না, উঠো না, স্কুলের দেরি হয়ে যাচ্ছে। পিকু এবার দিদিমাকে আরও জোরে জোরে ঝাঁকুনি দিতে লাগল। দিদিমার তাতেও ঘুম ভাঙছে না। পিকু এবার বিরক্ত হলো। বিছানা থেকে নেমে আপন মনে বলতে লাগল- 'স্কুলের টিচার বকা দিলে তোমার কথা বলবো। তুমি ঘুম থেকে উঠছো না বলেই আমার ঠিক সময় স্কুলে যাওয়া হচ্ছে না।' পিকু এরপর একটা টুলের উপর দাঁড়িয়ে জানলাটা খুললো। পুরো আকাশটা ফ্যাকাসে মেঘে ঢেকে গেছে। কাঁঠাল গাছটার ডালে বসে একটা কাক বিশ্রী কর্কশ গলায় ডেকেই যাচ্ছে। হঠাৎ পিকু যেন দিদিমার গলা শুনতে পেলো–'পালা, পিকু পালা, তোকে ও বাঁচতে দেবে না, পালা।' পিকুর শরীরটা অজানা এক ভয়ে কুঁকুড়ে গেল। পিকু দৌঁড়ে দিদিমার কাছে এল। শুয়ে থাকা দিদিমার মুখের দিকে তাকাতে পিকু অবাক হলো। দিদিমার খোলা চোখগুলো অদ্ভূত ঘোলাটে স্থির হয়ে পিকুর দিকে তাকিয়ে আছে। পিকু দিদিমাকে জোরে জড়িয়ে ধরে তীব্র আর্তনাদ করে উঠল। 'দিদিমা আমি পালাব না, দিদিমা আমি পালাব না। উঠো দিদিমা, উঠো, আমি স্কুলে যাব দিদিমা, আমি স্কুলে যাবো।'

পিকুর আর্তনাদ ক্রমশ ধ্বনিত প্রতিধ্বনিত হয়ে চারিদিকে তীব্র বেগে ছুটে চলল। দিদিমা তখনো স্থির, পাথর চোখে তাকিয়ে আছে পিকুর দিকে।

নিয়তি

মোস্তফা জামান কায়সার
শিক্ষার্থী
ডিপার্টমেন্ট অব বিজনেস অ্যাডমিনিস্ট্রেশন ইন ম্যানেজমেন্ট

অফিসে প্রবেশ করেই দ্রুত ঘড়ির দিকে তাকালেন এমদাদ সাহেব। ঘড়িতে তাকাতেই মুখটা ফ্যাকাশে হয়ে গেল। আজকাল সময়টা একেবারেই পক্ষে কথা বলছে না তার। বারোটা বেজে গেছে। আক্ষরিক অর্থেই বারোটা বেজে গেছে তার। আজ সকাল ৯টায় অফিসের গুরুত্বপূর্ণ একটা মিটিং ছিল। ইদানীং প্রায়ই দেরি হচ্ছে এমদাদ সাহেবের। তবে আজকের দেরি হওয়ার পেছনে খুব একটা দোষ দেওয়া যায় না তাকে।

অফিসে পৌঁছতে না পৌঁছতেই পিয়ন এসে হাজির, 'স্যার আপনাকে এখনই ম্যানেজার সাহেব দেখা করতে বলেছেন।' চিন্তায় পড়ে গেলেন এমদাদ সাহেব, ম্যানেজারকে কি সব বুঝিয়ে বলবেন তিনি?

অফিসের ম্যানেজার ইকরাম সাহেব। সবাই তাকে একটু গম্ভীর মেজাজের বলেই জানেন। ইকরাম সাহেবের রুমে গিয়ে কী বলবেন বারবার ভাবতে লাগলেন এমদাদ। যদিও কখনই তিনি ম্যানেজারের সঙ্গে তেমন সুবিধে করতে পেরেছেন এমন কোনো নজির নেই।

-তা বলুন এমদাদ সাহেব, শরীর ভালো তো? আজকাল তো প্রায়ই দেরি হচ্ছে অফিসে। কী হয়েছে বলুন তো আপনার?
এমদাদ সাহেব আমতা আমতা করে বললেন,
-জ্বি স্যার শরীর ভালো। শুধু ব্যথাটা একটু বেড়েছে।

-বয়স হয়েছে, বুঝতেই তো পারছেন একটু আধটু ওমন হবেই। তাছাড়া কাজেও ভুল করছেন মাঝে মাঝে। আসলে কোম্পানির হিসাব তো জানেনই, তরুণরাই আমাদের মূল চালিকাশক্তি। জুনিয়র অফিসাররাও আপনার উপর বিরক্ত। যাই হোক আমি এসব কথা আর বাড়াতে চাই না। কিন্তু আপনি প্রতিনিয়ত দেরি করছেন অফিসে। আজকের এত গুরুত্বপূর্ণ মিটিংয়েও আপনি অনুপস্থিত। এমডি স্যার আপনার খোঁজ করেও পান নি; এর কি কোনো ব্যাখ্যা আছে? আমি বলছি কী, আপনি কিছুদিন বিশ্রাম করুন, বাসায় থাকুন। আপাতত আর অফিসে আসার দরকার নেই। পরে প্রয়োজন হলে আমরা আবার আপনার সাথে যোগাযোগ করব। এই মুহূর্তে আপনাকে আসলে অফিসে রাখা আমার পক্ষে সম্ভব হচ্ছে না। আপনি এখন আসতে পারেন।

এমদাদ সাহেব কোনো কথা না বলে চুপ করে বেরিয়ে গেলেন।

দুপুর একটা বাজে, মাথার উপর সূর্য খিলখিল করে হাসছে! এমদাদ সাহেব বিষণ্ন মনে রাস্তায় হাঁটছেন আর ভাবছেন বাসায় কী বলবেন তিনি? দুই ছেলে-মেয়ে আর স্ত্রী ফরিদাকে নিয়ে ছোট্ট পরিবার। ছেলেমেয়েরা এখনও ছোট, এই সময়ে নতুন চাকরি খোঁজাও চাট্টিখানি কথা না। তার উপর বাজারের যা অবস্থা, এই সময়েই চাকরিটা যেতে হল?

গত ২৫ বছর ধরে গ্রিন ইন্স্যুরেন্সে চাকরি করছেন এমদাদ সাহেব। এতদিনের চাকরি এভাবে হাতছাড়া হয়ে যাবে তা ঘূর্ণাক্ষরেও আঁচ করতে পারেন নি তিনি। এখন ফরিদাকেই বা কী বলবেন? এই সবকিছুর জন্য ঠিক কাকে দায়ী করবেন? নিজেকে? নিজেকেও দায় দেয়া যাচ্ছে না সেভাবে। সকালে অফিসের উদ্দেশ্যে বেরিয়ে পান্থপথ যেতে না যেতেই এক এক্সিডেন্ট! কোনো এক প্রাইভেট কারের ধাক্কায় রক্তাক্ত হয়ে অজ্ঞান হয়ে পড়ে আছে একটি মেয়ে। একগাদা লোক জটলা বেধেছে সেখানে। এমদাদ সাহেবও সাতপাঁচ না ভেবে দ্রুত সবার সাথে হাসপাতালে গেলেন। প্রচুর রক্তক্ষরণ হওয়ায় জরুরি ভিত্তিতে রক্তের প্রয়োজন মেয়েটির। রক্তের গ্রুপ মিলে যাওয়ায় দেরি না করে তিনি নিজেই রক্ত দিলেন। সবকিছু শেষ করে

আসতে আসতেই এত দেরি। ম্যানেজারকে হয়তো ঘটনাটি বলতে পারতেন, কিন্তু এমন ঘটনা ইকরাম সাহেব বিশ্বাস করবেনই বা কেন? বরং ভাবতেন, নিজের দোষ ঢাকতেই এমদাদ সাহেব এমন মিথ্যে বলছেন। সে যাই হোক আপাতত ফরিদাকে কী বলবেন সেটা নিয়ে ভাবতে লাগলেন এমদাদ সাহেব।

অফিস শেষে ইকরাম সাহেব আজ একটু দ্রুতই বাসায় ফিরলেন। প্রচন্ড উদ্বিগ্ন। দুপুরে স্ত্রী ফোন করে জানিয়েছে, প্রীতি সকালে কলেজে যাওয়ার পর এখনও আসে নি। ফোনও বন্ধ। প্রীতি ইকরাম সাহেবের একমাত্র মেয়ে। শুধু মেয়ে বললে ভুল হবে, বরং গোটা পৃথিবীটাই। ইতোমধ্যেই পুলিশের সাথে যোগাযোগ করা হয়েছে। প্রীতির বান্ধবীদের ফোন করা হয়েছে। কিন্তু কোনোভাবেই কোনো খবর পাওয়া যায় নি। স্ত্রীকে সান্ত্বনা দিতে গিয়ে একটা সময় পর ইকরাম সাহেব নিজেই কাঁদতে শুরু করলেন।

মিনিট বিশেক পর ইকরাম সাহেবের ফোনে একটি কল এলো।
-হ্যালো ইকরাম সাহেব বলছেন? সানশাইন হসপিটাল থেকে বলছিলাম। আপনার মেয়ে প্রীতি আমাদের এখানেই ভর্তি আছে; দ্রুত চলে আসুন।

দিকবিদিক ভুলে হাসপাতালে ছুটলেন ইকরাম সাহেব ও তার স্ত্রী। হাসপাতালে পৌঁছেই ডাক্তারের কাছে জানতে পারলেন, তাদের মেয়ে এক্সিডেন্ট করেছিল। একজন লোক এসে তাকে হাসপাতালে ভর্তি করিয়ে দিয়ে গেছেন। অতিরিক্ত ব্লিডিং হওয়ায় লোকটি রক্তও দিয়েছেন।

ইকরাম সাহেব প্রীতির মাথায় হাত রাখলেন। কিছুক্ষণ আগেই তার জ্ঞান ফিরেছে। প্রীতির মা মেয়ের পাশে বসে কেঁদেই চলেছে। ইকরাম সাহেব ডাক্তারকে বললেন, 'আচ্ছা, যে ভদ্রলোক আজ আমার মেয়েকে রক্ত দিলেন তাঁর এড্রেস আছে? তার সাথে যোগাযোগ করতে চাই। ডাক্তার বললেন, তিনি তো বেশি কিছু বলে যান নি। তবে হাসপাতালের রেকর্ড খাতায় নিজের নাম লিখে গিয়েছেন। ভদ্রলোকের নাম এমদাদুল হক, গ্রীন ইন্স্যুরেন্সে চাকরি করেন।

একজন অনেকজন

জান্নাতুল ফেরদৌস
শিক্ষার্থী
ডিপার্টমেন্ট অব ইকনোমিক্স

শফিক মিয়া ঘরের দুয়ারে উবু হয়ে বসে আছে। উঠান থেকে দু'কদম দূরে শেফালি মাটিতে বসে খেলছে। সে তাকিয়ে আছে শেফালির দিকে, খেলাটা বোঝার চেষ্টা করছে। অদ্ভুত খেলা, কাঠি দিয়ে খুঁচিয়ে মাটি তুলে ছোট্ট ছোট্ট স্তূপ মতো বানানো। এইগুলোকে পাহাড়ের আকৃতি দেওয়ার বৃথা চেষ্টাও করছে শেফালি। এই খেলার নাম কী? মাটির পাহাড় বানানোর এই খেলার একটা নাম থাকলে ভালো হতো। শফিক মিয়া তার চার বছরের ছোট্ট মেয়েটার দিক থেকে চোখ সরিয়ে আকাশের দিকে দৃষ্টিপাত করলো। সজোরে একটা দীর্ঘশ্বাস ছেড়ে দিয়ে মনে মনে ভাবলো, মেয়েটার জন্য কিছু খেলনা বাটি কিনতে হবে। এই বয়সী বাচ্চাদের নানারকম খেলনার শখ থাকে। পয়সার অভাবে মেয়েটার কোনো শখের দিকে খেয়াল রাখা হয় না। সে তখনই সিদ্ধান্ত নিয়ে নিলো, বেতন পেয়েই আগে মেয়ের জন্য একটা খেলনা বাটি সেট কিনে ফেলবে, আর মেয়ের মায়ের জন্য এক জোড়া জুতো। বাজারের মোড়ের দোকানটায় একজোড়া জুতা দেখে খুব পছন্দ হয়ে গেছে সেদিন। এটায় নাসিমা রাগ করবে, করলেও কিছু করার নেই। মেয়েলোকের বুদ্ধি ছোট, এরা সবকিছুতেই বেশি বুঝে! সবকিছুই এদের কাছে বাজে পয়সা খরচ।

গ্রামের বর্গা চাষী বাবার বড় ছেলে এই শফিক মিয়া। বাপের পেশাকে আপন করে গ্রামেই এতকাল সাদামাটা জীবনযাপন করা লোকটা হঠাৎ ঢাকা শহরের এই বস্তিতে ঠিক খাপ খাইয়ে নিতে পারছে না। গ্রামের জন্য ভীষণ মন কাঁদে। তার চেয়েও বেশি খারাপ লাগে মেয়ে, বউয়ের মুখের দিকে তাকালে। মেয়েটা তার যাবতীয় সব খেলার সাথীকে হারিয়ে কেমন যেন চুপচাপ হয়ে গেছে। নাসিমার অবস্থা আরও করুণ। জলের মাছ ডাঙ্গায় যেমন ছটফট করে, নাসিমা সেরকম অস্থির সারাক্ষণ। নিজের মনের কষ্ট কাউকে বলতে পারে না। তাই কথায় কথায় রাগ ঝাড়তে থাকে, চার বছরের শেফালি মায়ের হাতে যখন তখন মা'র খেয়ে নির্বিকার ভঙ্গিতে বসে থাকে ইদানীং। মেয়েটা তার প্রয়োজনের থেকে বেশি চুপচাপ হয়ে গেছে। শফিক মিয়া গ্রামের মাতবর শাহ আলীর ঋণ শোধ করতে গিয়ে শেষ সম্বল বাপের ভিটাটাও ছেড়ে এসেছে দিন চল্লিশ আগে। এটা নিয়ে যদিও তার আফসোস নাই। ঋণ করা হয়েছিলো বোনের বিয়ে উপলক্ষে। বোন তার স্বামী সংসারে সুখেই আছে, মাশাল্লাহ্। টাকাটা ভালো কাজেই গেছে। গত শীতে ফুলতলী বাজারের ওয়াজে হুজুর বলেছিলেন, 'আত্মীয় স্বজনের জন্য কিছু করলেও আল্লাহ সওয়াব দেন, ইসলামে আত্মীয়ের সম্পর্ক ছিন্ন করা হারাম।' আর সেখানে সে করেছে নিজের বোনের জন্য, হোক সে সৎ বোন, বোন তো। ওই টাকার জন্য আফসোস করাটাও এখন পাপ সমতুল্য। গ্রামে এমনিতেই কাজের বড় অভাব, দিন আনে দিন খায়, এইভাবে আর কতোদিন চলতো? তাই মেয়ে, বউকে নিয়ে পাড়ি দিয়েছে এই ঢাকা শহরে। ভাগ্যের চাকা যদি ঘুরে যায়। প্রথম এক মাস যদিও খুবই দুর্বিষহ কেটেছে। কাজ পায় না, পকেটে টাকা নাই, ঠিক মতো খেয়ে না খেয়ে একটা মাস গেলো। এর মধ্যে নাসিমা কতোবার বলেছে গ্রামে ফিরে যাওয়ার কথা তার হিসেব নেই। সে আল্লাহ্‌র উপর ভরসা করে থেকে গেছে, এই শহরে যখন উপরওয়ালা একবার এনেছেন তাহলে বাকিটাও তিনিই ব্যবস্থা করবেন, একটা গাছের পাতাও যার কথা ছাড়া নড়ে না, তিনি নিশ্চয়ই তার জন্য কিছু একটা ব্যবস্থা করে রেখেছেন।

ব্যবস্থা হলো, ১০ দিন আগে সে একটা অ্যাপার্টমেন্ট বিল্ডিংয়ে নাইট গার্ডের চাকরি পেয়েছে। ভালো চাকরি, মাস গেলে গোটা ১২ হাজার টাকা পাবে। এপার্টমেন্টের ম্যানেজার লোকটা একটু রগচটা হলেও মনে ভীষণ মায়া। শফিককে খুবই স্নেহ করে।

নাসিমা পাকের ঘর থেকে এসেই মেয়েকে দুইটা কিল বসিয়ে দিলো। মেয়ে মায়ের দিকে তাকিয়ে ঠোঁট ফুলিয়ে ফেললো, কাঁদলো না। শফিকের বড় মায়া হলো মেয়ের জন্য।

- আহ্, অরে মারতাসো ক্যান?

নাসিমা রাগান্বিত ভঙ্গিতে শফিকের দিকে একবার তাকিয়ে নিজের মনেই বিড় বিড় করতে করতে মেয়েকে নিয়ে গোসলখানার দিকে চলে গেলো। কী বিড় বিড় করলো শফিক বুঝতে পারলো না। শফিকের এবার নাসিমার জন্য মায়া হলো। বেচারির বয়স এই একমাসে মনে হচ্ছে দশ বছর বেড়ে গেছে। অভাবের সংসারে নাসিমার কোনো শখই কোনোদিন পূরণ হয়নি। তবু গ্রামে থাকতে নাসিমা এতোটা খিটখিটে ছিলো না। এই একমাসের অভাব অনটন এতোটাই চেপে বসেছিলো যে মেয়েটার এই অবস্থা। তার খুব শাড়ির শখ। বছরে একটা দুটা শাড়ি পেলেই কী যে খুশি হয়ে যায়! নাহ্, শফিক সিদ্ধান্ত নিলো বেতন পেলেই একটা শাড়ি কিনে ফেলবে নাসিমার জন্য। জুতার চেয়ে খরচটা একটু বেশি পড়বে, তা পড়ুক। টাকা পয়সা আল্লাহ দিলে হবেই।

গত রাত থেকেই জ্বরে ভুগছে নাসিমা। তবু এই ভরদুপুরে রান্না না করে উপায় নাই। রান্নাঘর, গোসলখানা সবই তাদের ভাগাভাগি করে ব্যবহার করতে হয়। রান্নার সময় ভাগ করা আছে, এর বাইরে গেলে আবার চুলা খালি পাবে না। কিছু না হোক বাড়িতে নিজেদের একটা ছোট্ট পুকুর ছিলো, একটা পাকের ঘর ছিলো। গোয়ালে একটা গাই গরু ছিলো। মেয়েটাকে মাঝে মধ্যে একটু খানিক গরুর দুধ খাওয়াতে পারতো। এখানে আসার পর থেকে দুইবেলা খাওয়াই জুটাতে পারে নাই ঠিকমতো, আর মেয়েকে ভালোমন্দ কী খাওয়াবে। লোকটার উদারতার ফল এখন সে আর তার মেয়ে ভোগ করছে। বোনের বিয়ে দিতে গিয়ে নিজের শেষ সম্বলটাও ছেড়ে দিলো। গরীব মানুষের এতো 'হাতেম তাঈ'গীরি ভালো না। এসব ভাবতে ভাবতেই চোখের কোণে পানি জমে উঠলো নাসিমার। চিন্তায় ছেদ পড়লো স্বামীর ডাকে,

–বউ, ও বউ। জ্বরটা কি কমছে? ওষুধ পাতি কিছু আইনা দিয়া যাই?
নাসিমা চুপ করে রইলো, কিছু বললো না। শফিক আবার বললো,
–কী হইসে? কথা কও না ক্যান?
–আমার এই অবস্থায় আইজকাও আপনি কাজে যাইবেন? শরীর বেশি খারাপ হইলে একলা মাইয়াডারে নিয়া আমি কী করমু?
–নয়া চাকরি, এমনে কামাইও তো দেওন যায় না। তুমি এইদিকে আহো, জ্বরটা দেহি, জ্বর বেশি হইলে ওষুধ আইনা দিয়া যামু।
লাগবো না।

হঠাৎ শফিকের বাটন ফোনটা কর্কশ শব্দ করে বেজে উঠল। ম্যানেজারের ফোন। শফিক ফোনে কথা বলছে, নাসিমা শূন্য দৃষ্টিতে তাকিয়ে রইলো তার দিকে। লোকটার উপর তার রাগ দিনে দিনে বাড়ছেই শুধু। ফোনে কথা শেষে শফিক নিজ থেকেই বললো,

–রাস্তায় নাকি ঝামেলা হইতাসে। ছাত্ররা আন্দোলন করতাসে 'ছাত্ররা করবে পড়ালেখা, এরা আন্দোলন করবে ক্যান?'
–ম্যানেজার কি কইলো?
–বলসে গ্যাঞ্জাম দেখলে আইজকা যাওন লাগবো না। আশেপাশের অবস্থা দেইখা তারপর যাইতে কইসে।
–তুমি কী কইলা?

শফিক অবাক হয়ে বললো, কী কমু? কইসি রাস্তার অবস্থা দেইখা চইল্লা আসমু আল্লাহর নাম নিয়া। বুঝলা বউ, শহরে তো নতুন আইলা, এইহানে সবই এইরহম। গ্যাঞ্জাম আর গ্যাঞ্জাম। আইজ এই গ্যাঞ্জাম তো কাইল আরেক গ্যাঞ্জাম। আমি রাস্তার থেইকা একটু দেইখা আসি, সাথে তোমার ওষুধপাতিও কিছু নিয়া আসুম।

–গ্যাঞ্জামের মধ্যে যাওনের দরকার কী?

–শহরের মাইনষের নিত্যদিনের ব্যাপার এইডা। শহরে থাকতাসো, সেইরহম চলতে হইবো। তুমি আমার রাইতের খাওনডা বাইরা রাইখো। আমি তোমার ওষুধটা নিয়া আসি।

অন্যদিনের চাইতে চারদিক অস্বাভাবিক রকমের শান্ত। বস্তি থেকে বের হলেই গলির ভেতর কয়েকটা দোকান পড়ে। দোকানগুলোয় আজ খদ্দের নেই বললেই চলে। বড় রাস্তার মোড়ে গিয়ে দেখলো দোকানপাট সব বন্ধ। মাঝে মাঝে দু'একটা গাড়ি চলছে। ঢাকা শহরে গ্যাঞ্জাম প্রথম দেখলো শফিক। এইরকমই বোধহয় হয়, অতিরিক্ত সাবধানতায় নির্জন নগরীতে পরিণত হয় এই যন্ত্রের শহর। এরকম নিরিবিলি রাস্তা দেখে ভালোই লাগছে তার। সে সামনের দিকে হাঁটতে লাগলো।

বড় রাস্তার পাশের দোকানগুলো বন্ধ, ওষুধ কিনতে গলির দোকানগুলোয় খুঁজতে হবে। বেশ খোঁজাখুঁজির পর একটা গলির একদম ভেতরের দিকে একটা বাজার মতোন পেলো। এখানে ওষুধের দোকান খোলা আছে। সে ওষুধ নিয়ে আবার মূল রাস্তার দিকে হাটা দিলো। তার ইচ্ছা করছে এরকম শান্ত রাস্তায় মেয়েটাকে নিয়ে একটু বেরিয়ে আসতে। মেয়েটাকে এখনো ঠিকমতো ঢাকা শহর দেখানো হলো না। চিন্তা করে রাখলো মেয়ে, মেয়ের মা'কে নিয়ে একদিন ঘুরতে বের হবে। বেতনটা আগে পাক। আজকের পরিবেশ সুন্দর, আজকে যেতে পারলেই ভালো হতো। পাশের ঘরের রাসেলের বাপের কাছ থেকে কিছু টাকা ধার করা যেতে পারতো, কিন্তু সময় নাই। তার কাজে যেতে হবে, গোসল, খাওয়া কিছুই হয়নি। বেলা বাজে চারটা। মূল রাস্তায় উঠে দেখলো রাস্তার চেহারা পুরো বদলে গেছে। অল্পবয়সী অনেকগুলো ছেলে মেয়ে রাস্তায়। এদের সাজপোশাক কেমন যেন আলাদা। কেউ কেউ কপালে পতাকা বেধে রেখেছে। এরা কী যেন স্লোগান দিচ্ছে! শফিক দাঁড়িয়ে গেলো। তার এই পরিবেশটাও ভালো লাগছে, শরীরে কেমন জোশ অনুভব করছে সে। স্লোগানটা শোনার চেষ্টা করলো।

'মেধা না কোটা? মেধা, মেধা।'

শফিক ভাবলো সেও একটু গলা মেলাবো কি না। যদিও এই বিষয় নিয়ে তার কোনো ধারণাই নাই। তাই বুঝতে পারছে না ব্যাপারটা ঠিক হবে কি না। নিজের অজান্তেই স্লোগানটা দুইবার বিড় বিড় করলো সে। হঠাৎ কী হলো বুঝতে পারলো না। কাছে কোথাও খুব জোরে শব্দ হলো। সে দেখলো বিশাল মিছিলটা কেমন যেন ছত্রভঙ্গ হয়ে গেলো। যে যেদিকে পারছে দৌঁড়াচ্ছে। কিছু না বুঝেই শফিক দৌঁড়াতে শুরু করলো। চোখ জ্বালা করছে খুব, চোখে ঝাপসা দেখছে সে। সাথে কেমন যেন একটা গন্ধ, নাক মুখ জ্বলছে এখন, নিঃশ্বাসে কষ্ট হচ্ছে। শফিক ঠিকমতো দৌঁড়াতে পারছে না, সকালে চারটা ভাত খেয়েছিলো, এরপর থেকে পেটে কিছু পড়েনি। মানুষের ধাক্কায় অবস্থা বেহাল তার। সে কিছুটা পিছিয়ে পড়লো। হঠাৎ জোরে একটা শব্দ হলো। সে নিজের মধ্যে কোনো একটা পরিবর্তন অনুভব করছে। শফিকের পুরো শরীর অবশ হয়ে আসছে, সে আর দৌঁড়াতে পারছে না। এক হাঁটু ভাঁজ করে মাটিতে বসে পড়লো সে। নিচের দিকে তাকিয়ে দেখলো পিচগলা কয়লা রঙের রাস্তাটা লাল হয়ে গেছে। রক্তের লাল, এটা যে তারই রক্ত তা বুঝতে কয়েক সেকেন্ড সময় লেগে গেলো তার। পেটের কাছটায় অসহ্য ব্যথা অনুভব করছে। মাটিতে লুটিয়ে পড়লো শফিক। হাত থেকে ওষুধের ঠোঙাটা পড়ে গেলো। চোখ ঝাপসা হয়ে আসছে আরো বেশি। সে চোখ খোলা রাখতে পারছে না আর, আপ্রাণ চেষ্টা করছে চোখ খোলার রাখার, কী হচ্ছে কিছুই বুঝতে পারছে না। চোখ ভয়ঙ্কর জ্বালা করছে, সাথে পেটের কাছটা ব্যথায় অবশ হয়ে আসছে। চোখ বন্ধের আগে সে সবুজ রঙের কিছু একটা দেখলো। শফিকের মনে হলো নাসিমার শাড়িটা হতে হবে সবুজ রঙের, একদম এই ধরনের পতাকা সবুজ। নাসিমার খুব পছন্দের রঙ এটা। মেয়েটার কথা মনে পড়লো। মেয়েটাকে নিয়ে বেড়াতে বের হওয়া হলো না, আর মেয়েটার খেলনা বাটি?

তাপদাহ এবং বৃক্ষরোপণ

ইমতিয়াজ আহমেদ
শিক্ষার্থী
ডিপার্টমেন্ট অব ডিজাস্টার ম্যানেজমেন্ট অ্যান্ড রেজিলিয়েন্স

তীব্র তাপপ্রবাহে শুধুই কী বৃক্ষরোপণ?

পৃথিবীর মানচিত্রে ছোট একটি দেশ বাংলাদেশ। আয়তনে বিশ্বের অন্যান্য দেশের তুলনায় নিতান্তই তুলনামূলক না হলেও, এমন অনেক আন্তর্জাতিক সূচকই বিদ্যমান যেখানে বাংলাদেশের অবস্থান প্রথম সারির দিকে। এর মধ্যে অন্যতম হলো জলবায়ু পরিবর্তনের প্রভাব।

প্রাকৃতিক এবং মানবসৃষ্ট দুর্যোগপ্রবণ দেশগুলোর তালিকার মধ্যে বাংলাদেশের নাম বিশেষভাবে উল্লেখযোগ্য। বন্যা, খরা, সাইক্লোন, ভূমিধস, অগ্নিকাণ্ডসহ প্রায় সব ধরনের দুর্যোগের দেখা মিলে বছরজুড়ে।

দুর্যোগের পাশাপাশি বৈশ্বিক উষ্ণায়ন সকলের জন্য চিন্তার এক কারণ। দুর্যোগ সংঘটিত হওয়ার প্রবণতা বৈশ্বিক উষ্ণায়ন বৃদ্ধির সাথে প্রায় সমানুপাতিক হারে বৃদ্ধি পাচ্ছে। প্রতিবছর তাপমাত্রা আগের বছরকে ছাড়িয়ে যাচ্ছে। দেশজুড়ে সৃষ্টি হচ্ছে প্রবল তাপদাহ, যা জনজীবনকে স্থবির করে রাখছে। শুধু প্রাকৃতিক দুর্যোগই নয়, পাশাপাশি উদ্ভব হচ্ছে নানাবিধ সংক্রামক ব্যাধি।

এই বৈশ্বিক তাপমাত্রা বৃদ্ধি ও তাপদাহের পেছনে প্রধান কারণ হলো পৃথিবীর বায়ুমণ্ডলে গ্রিনহাউজ গ্যাসের পরিমাণ বৃদ্ধি। বিশেষ করে উল্লেখযোগ্য গ্যাস হলো : কার্বন ডাইঅক্সাইড, কার্বন মনোক্সাইড, মিথেন, সিএফসি, জলীয়বাষ্প ইত্যাদি।

বর্তমানে অধিকাংশ মানুষ মনে করেন বৃক্ষরোপণই এই তাপদাহের একমাত্র সমাধান। তাই গ্রীষ্মের তীব্র তাপ প্রবাহের মধ্যে বৃক্ষরোপন কর্মসূচি হাতে নেয়। 'গাছ লাগাও পরিবেশ বাঁচাও' স্লোগান নিয়ে ব্যস্ত হয়ে পড়ে মানুষ। সমস্যা হচ্ছে কোনোরকম নিয়ম না মেনে এই গ্রীষ্মের সময় গাছ লাগিয়ে দিলেই তো আর সেই গাছ হবে না। সুষ্ঠুভাবে গাছ লাগানো কর্মসূচির বাস্তবায়নে প্রয়োজন সঠিক সময় বর্ষা মৌসুম এবং রোপিত গাছগুলোর সঠিক পরিচর্যা। কিন্তু সারা বছর এসব নিয়ে কেউ চিন্তা করে না। বেশি-বেশি গাছ লাগানোর পাশাপাশি যে গাছ লাগানো কর্মসূচি থেকে বনাঞ্চল রক্ষা করা বেশি জরুরি, এটা নিয়ে সাধারণ মানুষের সচেতনতার অভাব এবং আগ্রহে অনীহা প্রকাশ পায়।

এ-তো গেলো গাছের কথা। এবার বলি আমাদের সৃষ্ট বর্জ্য, ব্যবহৃত প্লাস্টিকের বিষয়ে, যা পরিবেশ দূষণের পাশাপাশি মিথেন গ্যাস উৎপন্ন করায়ও ভূমিকা রাখে। এ সকল প্লাস্টিক বর্জ্য থেকে উৎপাদিত মিথেনের পরিমাণ, গ্রিনহাউস গ্যাসের উৎসের মধ্যে তৃতীয় বৃহত্তর। এভাবে চলতে থাকলে অদূর ভবিষ্যতে সমুদ্রে মাছের চেয়ে প্লাস্টিকের সংখ্যা বেশি হবে বলে আশঙ্কা করেন বিজ্ঞানীরা।

ফলে এমন অবস্থায় এই বৈশ্বিক উষ্ণায়ন থেকে রক্ষা পেতে সকলকে সচেতন হতে হবে। শুধু বৃক্ষরোপণের নামে অপরিকল্পিত গাছ লাগানো নয় বরং নিয়ম মেনে সুষ্ঠুভাবে বৃক্ষরোপণ করতে হবে। পাশাপাশি বনজ সম্পদ রক্ষায় সকলকে সচেতন হতে হবে। অন্যথায় আগামী বছরগুলোতে এই তাপদাহের সমাধান হবে না, বরং আরো তীব্রতর আকার ধারণ করবে।

জীবনের শিক্ষা

এস এম নাহিদ সারোয়ার সুমন
শিক্ষার্থী
ডিপার্টমেন্ট অব ল

অনার্স জীবনের শেষ পরীক্ষাটি দিয়ে অলস সময় পার করছিলো মায়মুর। ফাইনাল রেজাল্ট বের হওয়া আর মাস্টার্সে ভর্তির আগে এখন তেমন কোনো কাজ নেই তার। তাই মা খুব করে ধরলেন নানুবাড়ি ঘুরে আসার জন্যে। সেই পাঁচ বছর আগে গ্রামে গিয়েছিল সে। আজকালকার শহুরে ছেলেদের মতোই সারাদিন মোবাইল আর কম্পিউটার নিয়ে পড়ে থাকে। কোথাও বেড়িয়ে আসার কথা শুনলেই যেন গায়ে জ্বর এসে যায়। খুবই ঘরকুনো স্বভাবের। তবুও মায়ের জোরাজোরিতে এবার আর না করতে পারলো না সে। অগত্যা ঠিক হলো পরশু যাচ্ছে ও সুজানগর–ওর নানুবাড়ি।

মায়মুরের নানা বেশ সম্ভ্রান্ত লোক। দুই মামা আছে গ্রামেই জমিজিরাত দেখাশোনা করে। তবে নানা বেশ গল্পবাজ লোক। একসময় নাবিক ছিলো কিনা! ওর নানার গল্প শুনতে খারাপ লাগে না বটে–

'বলি এখন তো সব ফার্মের মুরগী হয়ে গেছিস তোরা!'–মায়মুরকে টিপ্পনি কাটে ওর নানা।
'কি যা তা বলো না নানা!'–ক্ষেপে যায় মায়মুর।
'ফার্মের মুরগী নয়তো কী, তবে তোর এক নানা ভাইয়ের কাহিনী বলি শোন, তবেই বুঝবি।'–যোগ করে ওর নানা।
'ঠিকাছে শোনাও দেখি, কী ফার্মের মুরগী হলাম আমরা।' রাগ করে মায়মুর।

বলতে শুরু করেন নানা-

'আমার বন্ধু আবিয়ান। বাপের ভালোই পয়সাপাতি ছিলো। এলাকার বন্ধু। এখনও এলাকায় ওদের বাড়ি আছে।
খাইয়ে নেয় ওরা। আর আবিয়ানের বাবাও বেশ বিচক্ষণ লোক। তিনি বিলেতি কায়দা রপ্ত করে তার পসার বেশ ভালোই জমিয়ে উঠলেন। আবিয়ান তার বড় ছেলে। বছর চারেক বাদেই ও যখন কলেজে উঠলো তার বাবা সাফ জানিয়ে দিলেন তিনি আর তার কোনো খরচ বহন করতে পারবেন না এবং এও বলে দিলেন তাদের সাথে থাকতে এবং খেতে প্রতিমাসে একহাজার পাউন্ড তার বাবাকে দিতে হবে। নইলে এ বাড়িতে তার জায়গা হবে না।

এটা শুনে তো আবিয়ান মহা ক্ষ্যাপা। কিন্তু সে তার বাবাকে ভালোমতই চিনে। তিনি যা একবার মুখ দিয়ে বলেছেন তাই করবেন।"

যা বাবা! এ কেমন বাপ। মায়মুর অবাক।
'আরে শোন না কাহিনী, তারপর কি হয়', গল্প জমিয়ে তুললেন নানা–

'বেচারার একটু কষ্টই হয়ে গেল। কলেজে তো ভর্তি করিয়ে দিয়েছেন বাবা ঠিকই কিন্তু কলেজের ফিস, হাতখরচ আবার উপরি এক হাজার পাউন্ড সে কেমনে যোগাড় করবে। অগত্যা সে কলেজ শেষে এক রেস্টুরেন্টে কাজ শুরু করলো। মাস শেষে প্রায় আড়াই হাজার পাউন্ড পেলো হাতে। বাবাকে এক হাজার পাউন্ড দিয়ে হাতে থাকলো প্রায় দেড় হাজার পাউন্ড। তা জমিয়ে কলেজের ফিস এবং হাতখরচ কোনোরকমে চলে যেতে লাগলো তার। প্রথম প্রথম ক্লাশ রেস্টুরেন্ট করে করে বেশ কষ্ট হচ্ছিল তার। তবে আস্তে আস্তে সে বেশ মানিয়ে নিলো।

এভাবে দেখতে দেখতে তার কলেজ জীবন হলো শেষ। বাবা তাঁকে ডেকে পাঠালেন। সে তো ভেতরে ভেতরে বেশ ভয়ে আছে। এবার বাড়ি ছাড়া করে কি না!

তার বাবা ডেকে বললেন, আমার স্নেহের পুত্র। তুমি তোমার কলেজ জীবনের শুরুতে আমার নেয়া সিদ্ধান্ত নিয়ে নাখোশ জানি। তবে তুমি কি কিছু ঠিক করেছো কলেজ শেষে এখন কী করবে?

সে বলল, না এখনও ঠিক করি নি।

তার বাবা বললেন, তুমি তো বেশ কয়েক বছর ধরে রেস্টুরেন্টে কাজ করছো। তো কেন তুমি নিজের একটি রেস্টুরেন্ট খুলছো না। আশা করি চার বছরে তোমার বেশ ভালো অভিজ্ঞতা হয়েছে।

তা তো হয়েছে। কিন্তু রেস্টুরেন্ট দেয়ার কথা বললেই তো আর দেয়া যায় না। টাকা পয়সারও তো একটা ব্যাপার আছে।

এটা শুনে তার বাবা হাসলেন। বললেন, প্রিয় আবিয়ান। তুমি আমাকে নিষ্ঠুর পিতা ভাবতে পারো তবে আমি তা নই। তোমার ভবিষ্যতের কথা ভেবেই আমি তোমাকে কোনো কাজ খুঁজতে বলেছিলাম এবং তুমি যে মাসে হাজার পাউন্ড আমায় দিতে তা তোমার জন্য জমিয়ে রাখতাম। এখন সময় এসেছে তা কাজে লাগানোর। অভিজ্ঞতা এবং টাকা দুটোই। তোমার দেয়া পঞ্চাশ হাজারের সাথে আমি আরও পঞ্চাশ হাজার যোগ করে এক লাখ পাউন্ড তোমায় দিচ্ছি। নিজের অভিজ্ঞতা এবং টাকা নিয়ে নিজে কিছু করো। দেখো দুনিয়ার অর্ধেক দৌঁড় তুমি দৌড়ে ফেলেছো। যা শিখেছো তা দিয়ে বাকি দৌঁড়টুকু দৌঁড়াতে তোমায় বেশি বেগ পেতে হবে না!

এ কথা শুনে আবিয়ান তার বাবার প্রতি শ্রদ্ধায় কেঁদে উঠলো এবং যে বাবাকে এতদিন পাষাণ ভেবে এসেছিলো তাঁকে আজ দেবতুল্য লাগা শুরু হলো।'

মায়মুর বুঝলো গল্পের শিক্ষাটা।

নানা শেষে বললেন, 'কঠিন সময় শক্ত মানুষ তৈরি করে তাই কঠিন সময়ে দমে না গিয়ে নিজেকে আরও শক্ত করার চেষ্টা করো।'

মায়মুরের মনটা নানার প্রতি শ্রদ্ধায় ভরে উঠলো।

ইন্টারনেট ও স্বশিক্ষা

রুমাইসা আহম্মেদ নাবা
শিক্ষার্থী
ডিপার্টমেন্ট অব মাস কমিউনিকেশন অ্যান্ড জার্নালিজম

প্রতিদিন সকালে ঘুম থেকে উঠে মোবাইল চেক করা অনেকেরই অভ্যাস। সেই সকাল থেকে শুরু, এরপর সারাদিন প্রয়োজনে, অপ্রয়োজনে সকলেই ইন্টারনেটের ব্যবহার করে থাকে। বিশেষত Gen-Z ও Gen Alpha-এই দুই জেনারেশন দিনের অধিকাংশ সময় social media, YouTube videos, OTT platform, বিভিন্ন সিরিজ, কার্টুন দেখে কাটায়। বর্তমানে শিক্ষাব্যবস্থায়ও technology ও internet এর ব্যবহার দিন দিন বাড়ছে।

যেহেতু ইন্টারনেটের ব্যবহার ক্রমাগত বাড়ছে, আমাদেরও উচিত সচেতন হওয়া। আব্বু-আম্মুদের মতো মোবাইল দেখা কমাতে বলছি না। কারণ এই তথ্যপ্রযুক্তির যুগে এটা বাস্তবসম্মত সমাধান নয়। বলছি সচেতনভাবে ইন্টারনেটের ব্যবহার করা, বুঝে শুনে কোনো Content দেখার কথা।

আমরা ইন্টারনেটে কী দেখছি সেটা আমাদের নিজেদেরই কন্ট্রোল করতে হবে। কারণ আমরা যা দেখি, তার প্রতিটা বিষয়ই আমাদের unconscious mind-এ save হয়ে যায়। এই unconscious mind এবং sub-conscious mind বাস্তবতা ও স্ক্রিন-এ দেখানো ছবির মধ্যে পার্থক্য করতে পারে না। অথচ এই অংশ দুটো আমাদের দৈনন্দিন আচরণের ৯০% এর বেশি কন্ট্রোল করে। অর্থাৎ আমরা বিনোদন ও সময় কাটানোর জন্য যা দেখি, সেগুলোই পরবর্তীতে আমাদের দৈনন্দিন জীবনের ব্যবহার, চিন্তা-ভাবনা, মানসিকতায় ব্যাপক প্রভাব ফেলে। আর এ কারণেই বিনোদনের নামে আমরা কী consume করছি, এটা জানা প্রয়োজন।

ইন্টারনেটের বিভিন্ন কন্টেন্ট হতে পারে আমাদের শিক্ষা ও জ্ঞানার্জনের পথ। এক্ষেত্রে শুধু অনলাইনে/ইউটিউবে বিভিন্ন ক্লাসই নয় বরং বিভিন্ন ব্যাখ্যামূলক ভিডিও, অডিওবুক কিংবা নাটক, সিনেমাও আমাদের জ্ঞান বাড়াতে সহায়ক হতে পারে। যেমন-ঐতিহাসিক যুদ্ধের উপর বানানো সিনেমা দেখে ইতিহাসের ধারণা পাওয়া যায়, সামাজিক সমস্যার উপর তৈরি করা নাটক দেখে সামাজিক অবস্থার ধারণা পাওয়া যায় ইত্যাদি।

আগে টিভিতে বাল্যবিবাহ, যৌতুক, এইডস এসব নিয়ে সচেতনতা তৈরি করা হতো। বই পড়ার আগে মানুষ টিভি দেখে সচেতন হয়েছে। কিন্তু বর্তমানে টিভির জনপ্রিয়তা কমে যাওয়ায় মানুষ ইন্টারনেটের দিকে ঝুঁকেছে। এ অবস্থায় দরকার ব্যক্তি পর্যায়ে প্রচেষ্টা। নিজেদেরই এখন ইন্টারনেটে খুঁজে খুঁজে শিক্ষণীয়, ভালো মানের নাটক, সিনেমা, web series, YouTube videos দেখতে হবে। নিজেদেরকে স্বশিক্ষিত করে গড়ে তুলতে হবে। যেখানে দেশের শিক্ষাব্যবস্থায় এত ঘাটতি থাকছে, সেখানে শেখার জন্য ইন্টারনেটের কোনো বিকল্প নাই। আমাদের Generation-এ এই বিষয়ে সচেতনতা তৈরি না হলে আমরা শুধু সাক্ষর থেকে যাবো, শিক্ষিত হতে পারব না।

Gen-Z (জেন-জি)

মোঃ জুনায়দুল ইসলাম
শিক্ষার্থী
ডিপার্টমেন্ট অব মাস কমিউনিকেশন অ্যান্ড জার্নালিজম

Generation Zoomers (সংক্ষেপে জেন-জি) মানে ১৯৯৭ সাল পরবর্তী প্রজন্ম, প্রযুক্তির উন্নয়নে তথ্য প্রাপ্তি এবং যোগাযোগ ক্ষেত্রে সুবিধা পাওয়া প্রথম প্রজন্ম। এরা জন্মের পর থেকেই ইন্টারনেট সম্পর্কে ধারণা রাখে এবং এ প্রজন্ম ইন্টারনেটকে Zoom করতে অভ্যস্ত বিধায় তাদের Gen-Z বলা হয়ে থাকে।

শিক্ষাবিদরা প্রায়ই চিন্তিত ছিলেন যে এই প্রজন্ম তেমন কিছু অর্জন করতে পারবে না। তাদের অভিযোগ ছিল যে জেনারেশন জি রাজনৈতিক ইতিহাস পড়ে না, জাতীয় বীরদের নাম ঠিকভাবে মনে রাখতে পারে না, এমনকি স্বাধীনতা দিবস ও বিজয় দিবসের মধ্যে পার্থক্যও করতে পারে না। তারা ভাবতেন, এভাবে তারা কীভাবে একটি কর্তৃত্ববাদী ও দমনমূলক রাষ্ট্রের জটিল পরিস্থিতি বুঝবে এবং বিশ্লেষণ করার ক্ষমতা অর্জন করবে?

এই প্রজন্ম নিয়ে আরও অভিযোগ ছিল যে তারা আওয়াজ তোলে না, গুরুত্বপূর্ণ বিষয়ে মনোযোগ দেয় না, এবং সবসময় ভিডিও গেম খেলা ও দিবাস্বপ্নে ব্যস্ত থাকে। কিন্তু জুলাই বিপ্লব আমাদের চোখ খুলে দিয়েছে যে জেনারেশন জি আসলে কী দিয়ে তৈরি! কে জানত, ভিডিও গেমে মগ্ন এই প্রজন্মই একদিন স্বৈরাচারের বিরুদ্ধে দাঁড়াবে এবং গণতন্ত্রের জন্য লড়াই করবে, তাদের ভার্চুয়াল যুদ্ধক্ষেত্র ছেড়ে বাস্তব জীবনে নেমে আসবে?

জেনারেশন-জির আন্দোলন ১ জুলাই শুরু হয়েছিল, যা শুরুতে 'বৈষম্যের বিরুদ্ধে শিক্ষার্থীদের আন্দোলন' নামে পরিচিত ছিল। এর আগে ৫ জুন সুপ্রিম কোর্ট ২০১৮ সালে কোটা বাতিলের সরকারি আদেশকে অবৈধ ঘোষণা করে। এই আন্দোলনে শিক্ষার্থীরা বিচার বিভাগ, প্রশাসন এবং আইনসভা দ্বারা নিয়ন্ত্রিত একটি শক্তিশালী প্রতিপক্ষের মুখোমুখি হয়, যারা পুরোপুরি স্বৈরাচারের অনুগত ছিল। রাজনৈতিক আন্দোলনের কোনো অভিজ্ঞতা না থাকা সত্ত্বেও, জেনারেশন-জির এই যোদ্ধারা ছিলেন স্মার্ট এবং প্রযুক্তিগতভাবে দক্ষ; যারা দীর্ঘদিন ধরে ইন্টারনেট ও সামাজিক যোগাযোগ মাধ্যমে নেটওয়ার্কিংয়ের অভিজ্ঞতা অর্জন করেছিলেন। তাদের আরেকটি সুবিধা ছিল যে, তারা প্রশাসনের নিরাপত্তা ব্যবস্থার নজরদারির বাইরে ছিল। কারণ তাদের কোনো উল্লেখযোগ্য রাজনৈতিক পরিচয় ছিল না। ফলে তাদের জন্য ভার্চুয়াল মাধ্যমে নির্বিঘ্নে যোগাযোগ করা সহজ ছিল।

বাংলাদেশে ১ জুলাই থেকে ৫ আগস্ট পর্যন্ত ৩৬ দিনের এই ছাত্র আন্দোলন, যা জেন-জির নেতৃত্বাধীন ছিল। একটি উজ্জ্বল উদাহরণ হিসেবে রয়ে যাবে–কিভাবে সাহসী এক প্রজন্মের ছাত্ররা একটি তৃতীয় বিশ্বের দেশে জনসাধারণের বিপ্লব আনতে সক্ষম হতে পারে! এই ৩৬ দিনের আন্দোলন প্রমাণ করেছে যে, একটি সাহসী প্রজন্ম কীভাবে জনগণের বিপ্লব ঘটিয়ে একটি শক্তিশালী স্বৈরাচারী শাসনের পতন ঘটাতে পারে। জেনারেশন-জির এই বিপ্লব বাংলাদেশের ইতিহাসে একটি উজ্জ্বল দৃষ্টান্ত হয়ে থাকবে।

জেন-জি প্রজন্মের দৃঢ় মতামত রয়েছে এবং তারা তাদের কথা বলতে ভয় পায় না। জেন-জি তাদের সামাজিক দায়বদ্ধতা, সামাজিক ও রাজনৈতিক ইস্যুতে ত্যাগ ও আত্ম বলিদানের জন্য পরিচিত। শিক্ষার্থীদের বিক্ষোভ প্রমাণ করে যে, তরুণ বাংলাদেশিরা ৫০ বছর আগের ঘটনার উপর ভিত্তি করে শ্রেণিবিভাগের বাইরে যেতে প্রস্তুত। এটি একটি সত্যিকারের ট্র্যাজেডি যখন একটি অস্ত্র, বিরোধীদের নির্মূল করার জন্য কঠোরভাবে তাক করা হয় এবং এটি বুমেরাং হয়ে ফিরে আসে। গত পাঁচ দশকে বাংলাদেশের রাজনীতিতে 'রাজাকার' এবং 'মুক্তিযোদ্ধা' শব্দগুলোর অতি ব্যবহার একটি ট্র্যাজেডির প্রতিফলন করে। সাম্প্রতিক ছাত্র আন্দোলনে শত শত মানুষ শহীদ হয়েছেন এবং বহুসংখ্যক আহত, গ্রেফতার বা নিখোঁজ হয়েছেন।

দেশের বন্যা পরিস্থিতিতেও এই জেন-জি রাই তাদের সর্বোচ্চটা দিয়ে দেশের মানুষের জন্য এগিয়ে এসেছে। বন্যার্তদের জন্য ত্রাণ সংগ্রহে জেন-জি সামাজিক মিডিয়া প্ল্যাটফর্ম ব্যবহার করে বন্যার প্রভাব সম্পর্কে সচেতনতা বৃদ্ধি করেছে। অনেক অনেক তরুণ বিভিন্ন এনজিও এবং স্থানীয় সংস্থার সাথে মিলিত হয়ে ত্রাণ সামগ্রী বিতরণ, চিকিৎসা সহায়তা প্রদান এবং বন্যা-বিধ্বস্ত সম্প্রদায়কে সাহায্য করেছে। ভবিষ্যতেও এই ছাত্রসমাজ মানুষের পাশে দাঁড়াতে কখনো দ্বিতীয়বার চিন্তা করবে না।

বাংলাদেশে জেনারেশন-জি নানা চ্যালেঞ্জের সম্মুখীন হচ্ছে। শিক্ষার মান উন্নয়ন, বেকারত্ব, রাজনৈতিক অস্থিরতা এবং সামাজিক বৈষম্য তাদের অগ্রগতির পথে বড় বাধা হিসেবে দাঁড়িয়েছে। তরুণ প্রজন্মের অনেকেই বিদেশে উচ্চশিক্ষার জন্য যেতে চায়, কারণ তারা দেশে পর্যাপ্ত সুযোগ দেখতে পায় না। ফলে মেধা পাচারও একটি বড় সমস্যা হিসেবে দেখা দিয়েছে।

বাংলাদেশের সামগ্রিক উন্নয়নে জেনারেশন জি-র ভূমিকা অনস্বীকার্য। তাদের উদ্ভাবনী চিন্তা, প্রযুক্তিগত জ্ঞান এবং সামাজিক দায়বদ্ধতা দেশের উন্নয়নে গুরুত্বপূর্ণ অবদান রাখতে পারে। এজন্য সরকার ও সংশ্লিষ্ট প্রতিষ্ঠানগুলোর উচিত তাদের জন্য আরও সুযোগ সৃষ্টি করা এবং তাদের কণ্ঠকে গুরুত্ব দেওয়া, যাতে তারা নিজেদের সম্পূর্ণভাবে বিকশিত করতে পারে এবং দেশের উন্নয়নে আরও সক্রিয়ভাবে অংশ নিতে পারে।

একান্ত অনুরোধে

আল জামাল মোস্তফা সিন্দাইনী
সহযোগী অধ্যাপক
ডিপার্টমেন্ট অব সোশিওলজি

একান্ত অনুরোধে শূন্যের ভেলায় চড়তে পারিনি আমি
সঞ্জীবিত স্নিগ্ধের খোঁজে হেঁটেছি দুর্গম পথ
খোলা দূর্বাভূমি দেখে দেখে পুলকে মেতেছি শুধু
সবুজাভ ক্ষেতের আল ধরে হেঁটেছি শুধু পুলকে
ভালোবাসাহীন রাত পোহাতে চায়না ঘুম কেড়ে নিয়ে
জীবনের দীর্ঘশ্বাসে রৌদ্র ম্লান হয়নি অকুল দরিয়া যেয়ে।

অন্ধকারের হতাশায় অসীম চিন্তায় হারাতে পারিনি একা
নিস্তরঙ্গ নদীর কান্না শুনেছি গভীর রাতের শেষে
বৃষ্টি স্নাত রাতে ব্যাকুলতা বেড়েছে ঘুম নামেনি চোখে
অকালের শেষে ফুল ফুটেছে নানান রকম কাজে
অনাগত স্বপ্ন স্বপ্নেই থাকলো বিবর্ণ পাথরের নিচে
নানান ভেদে অনুরক্ত হতে চেয়েছিলাম ভালোবাসা নিয়ে।

বিচ্ছিন্ন সড়কে চলতে গিয়ে বেসামাল হয়ে পড়েছি
গর্বিত ভালোবাসার খোঁজ নিতে হারিয়েছি অনেক দিন
অচেনা সময়ে কেটেছে দিন হিসাব রাখিনি তার
বিষণ্ন মনে চলতে চলতে ক্লান্তি এসেছে মনে
নক্ষত্রের আলোতে আকাশের গাঙে ভাসাই শুধু তরী
সৌন্দর্যময় উপত্যকায় কেউ নেই ভালোবাসার গল্প শুনতে।

শীতের কুয়াশায় কেঁপে উঠি ভালোবাসার ছোঁয়ার জন্য
নিসর্গের সংলাপ গুমরে ফেরে রাতের খোলা মাঠে
অন্তরের ভালোবাসা অন্তরে থেকে হাসায় আর কাঁদায়
বিনীত চাহনির ভাষা বুঝলেও বলতে পারিনি কখনো
বিষণ্ন চিৎকারে সব অন্ধকার যে দিকে তাকাই আমি
ভালোবাসার স্বপ্ন ফিকে হয় জীবনের বন্দরে বন্দরে।

কথা

মেজর মোঃ মাহবুব আলম
কর্ড টু রেজিস্ট্রার
অফিস অব দ্য রেজিস্ট্রার, বিইউপি

কথারা ছড়ায় উলুবনে মুক্তায়,
কথারা হারায় পুরনো ছেঁড়া খাতায়,
কথার মলাটে ঢেকে যায় রূপকথা,
কথাতেই বাড়ে ভালোবাসা, ব্যাকুলতা।

কথাতেই সনির্বন্ধ অনুরোধ,
কথাতেই মিল, কথাতেই বিরোধ।
কথার অভাবে অভিমান, অনুরাগে
কথার ডানায় হৃদয়ে স্মৃতিরা জাগে।

কথার প্রেমেই হিম কিশোরীর মন!
কথা দিয়ে দূরে চলে গেলে প্রিয়জন,
বিরহ পোড়ায় মনে পড়ে তার কথা,
দুঃখ বিলাপে ঝরে অশ্রু-বারতা।

কথার মিছিলে কথাতেই শ্লোগান,
দাবি আদায়ের চিরায়ত অভিযান,
কথাহীনতার মৌন মিছিল চলে
মনের গহীনে কথার আগুন জ্বেলে।

কথাতে স্বস্তি কথাতেই আশ্বাস,
বয় চারিদিকে শান্তির সুবাতাস,
কথাতে শক্তি ফিরে পায় ভাঙা মন,
কথারাই যেন ক্ষতের মুখে মলম।

কথারা পোড়ায়, কথারা ভাসায় সুখে,
'কথার-কথা'রা চলে লোক মুখে মুখে,
কথারা পুড়লে 'মুখ পোড়া' বলে লোকে,
কথারাই হয় অশ্রু-বিলাপ, শোকে।

কথারা ফুরায় জীবনের গাঢ় ভাঁজে,
জীবন হারায় প্রকৃতির কারুকাজে,
সবশেষে তবু কথারাই থেকে যায়,
কখনো আঘাতে, কখনো কোমলতায়।

বৃষ্টি সুন্দর!

মোঃ তারিফুজ্জামান
সেকশন অফিসার
ডিপার্টমেন্ট অব বিজনেস অ্যাডমিনিস্ট্রেশন ইন ফিন্যান্স অ্যান্ড ব্যাংকিং

বৃষ্টির যদি নাম না থাকতো,
নাম দিতাম স্নিগ্ধি।
স্নিগ্ধি কেন হবে না?
যার প্রতিটি কণায় স্নিগ্ধতা।

বৃষ্টির যদি নাম না থাকতো,
নাম দিতাম ব্যাকুলতা।
কেনইবা হবে না, ব্যাকুলতা?
বৃষ্টি যে মানব মনকে ব্যাকুল করে তোলে।

বৃষ্টির যদি নাম না থাকতো,
নাম দিতাম তরুণিমা।
তরুণিমাতো সেই তারুণ্য,
যা জীর্ণ প্রকৃতিকে জীবন্ত করে তোলে।

বৃষ্টির যদি নাম না থাকতো,
নাম দিতাম সরলতা।
কেনইবা হবে না, সরলতা?
বৃষ্টিতো সরল মনেই আসে,
কার ভালো, কার মন্দ,
সে কিচ্ছু বোঝে না।

যেমন শুকনো মরু পরমানন্দে
বৃষ্টিকে আপন করে টেনে নেয়,
মাঠের ফসল ও কৃষকের হৃদয়,
একইসাথে সজীব হয়ে যায়।

তেমনি,
প্রকৃতির রূপে কিশোর-যুবক-বৃদ্ধ মন,
মুগ্ধতায় একত্ব হয়ে যায়।
আবার সেই বৃষ্টিতেই,
আলোকিত শহর হয় অন্ধকার,
ডুবে যাই অলি-গলি,
সমতল হয় প্লাবিত, পাহাড়ে ঢল নামে,
প্রিয় মানুষ মাটিচাপা পড়ে পাহাড়তলীতে।

তাই যে নামেই ডাকি,
বৃষ্টি সুন্দর!
বৃষ্টি-ভয়ংকর সুন্দর!

শ্রেষ্ঠ তাঁরা

হোজাইফা রহমান খান
শিক্ষার্থী
ডিপার্টমেন্ট অব কম্পিউটার সাইন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং

এমনও কি দিন আসে?
ছেলের সামনে বাবা নিজে আজ দাঁড়িয়ে চাকরের পাশে।
ছেলের গলায় হুংকার শুনে বাবা বন্ধ করেছে মুখ,
ছেলে কয়, 'আরতো পারি না, কিসের এতো অসুখ?'
মনে পড়ে বাবা অসুখের সময় কত যত্ন করেছিলো ছেলের,
সেই ছেলে হায়, আজ একথা শোনায়, দোষ কি তার কপালের?
বাবা বলেন, 'কেন গো বাবা? টাকার অভাব তো নেই তোমার'
ছেলে কয়, 'তাই বলে কি প্রতিবারই তোমায় টাকা দেওয়া দরকার।'
বাবা ফিরে যায়, যেতে যেতে তার ছেলের দিকে তাকায়,
ছেলে বাবাকে গাল দেয় আর নিজের চোখ পাকায়।
ক্লান্ত শরীর টেনে টেনে বাবা এসেছে বাড়ির সামনে,
স্ত্রীর কাছে তার ছেলের কথা বলবে আজ সে কেমনে?
ভেতর হতে অসুস্থ মা দ্রুত পায়ে এলো বেরিয়ে
এসে দেখে তার স্বামী তো এক অসহায়ের মতো দাঁড়িয়ে।
মা জিজ্ঞেস করে, 'কোথায় আমার ছেলে? কেন আসেনি সে?'
বাবা বলেন, 'কিভাবে সে আসবে, তার অনেক কাজ পড়ে আছে যে'
এমনই করে কত মিথ্যে কথা বলে আসছে বাবা,
সত্য বললে মৃত্যুর বাঘ স্ত্রীকে দিবে মরণ থাবা।
ছেলেতো দেয়নি টাকা, তাইতো ঔষধ হয়নি কেনা,
যেদিকে যায় লোকে বলে, 'শোধ কি করবে না তোমার দেনা?'
এমনইভাবে দিন কেটে যায়, আসে রাতের আভা।
সময় হয়েছে, মৃত্যুর দূত ডেকেছে মৃত্যু সভা।

মৃত্যু শয্যায় শুয়ে শুয়ে মা ছেলের জন্য দোয়া করে,
এমন সময় সেই ছেলে হায়, টাকার হিসাব করে।
ওপার হতে নৌকা এসে এপারের ঘাটে ভিড়ায়,
ছেলেকে নিয়ে ভাবতে ভাবতে মার বুক ফেটে যায়।
যাওয়ার সময় মা বলে, 'ছেলের খেয়াল রেখো।'
সন্তানের প্রতি ভালোবাসা মায়ের এমনই তো হয় দেখো।
পূর্ব কোণে সূর্য উঠেছে, আকাশ হয়েছে লাল,
উঠেনি তো মা, উঠবে না কোনো দিন, উঠবে না কোনো কাল।
মায়ের পাশে একা বসে বাবা আঁখি জল ফেলে যায়,

যদি হঠাৎ করে ভালোবাসা তার একবার ফিরে চায়।
সাড়ে তিন হাত মাটির নিচে মাকে শুইয়ে দিলো বাবা,
পশ্চিম দিকে তাকিয়ে মা, যেদিকে রয়েছে কাবা।
নিজ হাতে বাবা কোদাল দিয়ে মাটি দিচ্ছে মাকে,
প্রতি কণা মাটি দিতে বুক থর থর করে কাঁপে।
সবশেষে বৃষ্টি এলো, ভিজিয়ে দিলো কবর,
কোথায় ছেলে? আসেনি তো সে, সে কি পায়নি খবর?
কবরের পাশে একা বসে বাবা, শরীর ভেজা তার
এখানেই বসে থাকবে বাবা, যাবে না কোথাও আর।
মাকে ছাড়া এ পৃথিবীর বয়স হলো আজ একদিন,
খাবার টেবিলের সেই চেয়ার ফাঁকা, যেখানে বসতো মা প্রতিদিন।
মায়ের কবর দেখতে ছেলে একবারও না আসে,
কবর হতে ডাকছে মা, শব্দ শোনা যায় চারপাশে।
কতদিন হয়ে গেলো ছেলের নেই যে কোনো দেখা,
ছেলের বাসায় গিয়ে দেখে বাবা, বাড়ি বিক্রির খবর লেখা।
এমন সময় কোথায় যাবে ছেলে, তার সবকিছু ফেলে?
বাবা ভাবে, 'হারিয়েছি সব, কী আছে বাকি? আমিও যাবো চলে'
বাবা শুনেছে, তার ছেলের নাকি বাকি ছিলো অনেক ঋণ,
এজন্য ছেলে পালিয়েছে প্রাণে, খোঁজ নেই বারো দিন।

এখন সবই শূন্য লাগে রিক্ত পাত্রের মতো,
দিন পেরিয়ে মাস, মাস পেরিয়ে বছর, এভাবে আর যাবে কত?
চোখে নেই ঘুম, ঠোঁটে নেই হাসি, মনে শান্তি নেই এক বিন্দু,
হঠাৎ একদিন বাবার সাথে দেখা তার ছেলের এক বন্ধুর।
জিজ্ঞেস করে বাবা, 'কোথায় আমার ছেলে? কী হয়েছে তার?'
চমকে গিয়ে বন্ধু বলে, 'একি অবস্থা হয়েছে আপনার!'
'ছেলে আমার কোথায় আছে? কেমন আছে বলো আগে?'
'সে তো আছে কারাগারে, বন্দি চার দেয়ালের মাঝে।'
'আচ্ছা বাবা আসি এখন, কথা আছে ছেলের সাথে।'
বলেই বাবা হেঁটে চললো কারাগারের ঢালাই পথে।
কারাগারের সামনে বাবা, কানে হাহাকারের শব্দ,
তবুও তো লাগে বাবার কাছে সবই নিস্তব্ধ।
ভেতরে গিয়ে প্রতিকক্ষে বাবা খুঁজছে তার ছেলেকে,
প্রতিটি কক্ষই লাগে অন্ধকার এই উজ্জ্বল দিবালোকে।
হঠাৎ করে পেছন থেকে 'বাবা' ডাক ভেসে আসে,
পেছনে ফিরে দেখে তার ছেলে মেঝেতে শুয়ে আছে।
দেহখান যেন শুধু কঙ্কাল তাতে নেই তো কিছু আর,
সামনে গিয়ে ছেলের হাত ধরে বাবা করে উঠল চিৎকার।
ছেলে বলে, 'দেখতে আসেনি কেউই, তুমি এসেছো বাবা।'
বাবা বলেন, 'এমন সময় পাবে না কাউকে, কেবল মা-বাবাকেই কাছে পাবা।'
'কেন বাবা এমনটি হলো?', জিজ্ঞেস করে ছেলে,
বাবা বলেন, 'এমন তো হতো না, যদি আমাদের দিতে না তুমি ফেলে।'

শিক্ষা

মোঃ মশিউর রহমান অন্তর
শিক্ষার্থী
ডিপার্টমেন্ট অব পাবলিক অ্যাডমিনিস্ট্রেশন

পৃথিবী সৃষ্টি থেকেই বেড়েই চলেছে শিক্ষার প্রসারতা,
সৃষ্টি হয়েছে কত চার্লস উড এর মত শিক্ষা প্রস্তাবনা।
বহু শিক্ষায় শিক্ষিত হয়ে অমর হয়েছে শ্রীকান্ত জিচকার,
নিজের বই দিয়ে গড়া লাইব্রেরিকে দিয়েছে বিশাল আকার।

গড়ে উঠেছিল কত স্যাডলার, হান্টার কমিশন-
বলতে হয়, শিক্ষায় ছিল এগুলোর প্রধান ভিশন।
শুরু হয়ে গেল শিক্ষা নিয়ে জীবন যাপন,
ফ্রাঙ্ক লিউব্যাক, চার্লস উড ও স্যার সৈয়দ আহমেদ সহ
অনেকের কাছে শিক্ষায় হয়ে উঠলো বেশ আপন।
গড়ে উঠলো কত শিক্ষা গবেষণা কেন্দ্র, অফিস, আদালত ও উঁচু ভবন,
দেখে যেন মনে হলো, চারিদিকে শুরু হয়েছে শিক্ষার প্লাবন।

নিচ্ছে তারা পিএইচডি'র মত উচ্চ ডিগ্রিসহ আরও কত কি,
আসলে তারা কি সবাই জানে, শিক্ষা কাহাকে বলে ও শিক্ষার উদ্দেশ্য কি?
অনেকেই উচ্চ ডিগ্রি নিচ্ছে মনুষ্যত্ব ছাড়া,
দাবি করছে সর্বোচ্চ শিক্ষিত জাতি তারা!

যদি তাদের প্রশ্ন ছুড়ে দেওয়া হয়, শিক্ষা কি?
জবাবে তারা উত্তর দেয়, জ্ঞান বা দক্ষতা অর্জন ছাড়া আর বা কি।
এমন যদি হয় তাদের শিক্ষা, ভাবো একবার তাদের দীক্ষা!

কি লাভ ? যদি উচ্চ শিক্ষাও ব্যর্থ হয় মূল্যবোধ জাগাতে,
কিভাবে তুমি পারবে মূল লক্ষ্যের দিকে আগাতে?
ভুল করে মনুষ্যত্ব ছাড়া উচ্চ ডিগ্রি নিচ্ছে যারা,
কভুও সু-শিক্ষায় শিক্ষিত হতে পারবে না তারা।

যে পারবে না, ব্যক্তির মূল্যবোধ জাগাতে ও গুণাবলির বিকাশ ঘটাতে,
কু-শিক্ষার গোঁড়ামি থেকে পারবে না তাকে কেউ বাঁচাতে।

জলপোকা

মোঃ ফুয়াদ হাসান
শিক্ষার্থী
ডিপার্টমেন্ট অব ল

নবাগত পথে গোধূলির রথে ধূলো লিখে কথকতা,,
আগতের ঘাতে শত ক্ষত হতে মিলায় লৌকিকতা।
করঞ্জা হত, মৌরী বিক্ষত, প্রাক্তন কৃষ্ণকথা;
ঈশান কোণে রিক্ত নয়নে নত যে বাস্তবতা।

ঝরে পড়া প্রাণে, ঘ্রাণ হারা ভানে বকুলের শত ব্যাথা;
কোলে ঢলে তাই কলমি জানাই দু'কূলের যত কথা।

অরুণের তরে করুণার সুরে গান যে হয়েছে গাঁথা,
বেবাগী হয়ে চর কাঁদে জেগে সরিয়ে জলের কাঁথা।

জলপোকা আজ অভিমানী মোড়ে দাঁড়িয়ে আছে সিক্ত,
কামিনী যে তাকে বিদ্ধ করে হৃদয় করেছে রিক্ত।
শূক কীট আজ শোনেনি বারণ, স্রুত যে হয়েছে ক্ষিপ্ত;
কচুরি পানা মানেনি মানা, হৃদয় করেছে তিক্ত!

শরতের প্রেমে চাইনি গো থেমে ছুটে চলা মেঘ ভেলা,
প্রাতের প্রপাতে ব্যস্ত হয়েছে মলিন গোধূলি বেলা,
দূর্বার তরে ফড়িং যে তার তুচ্ছ করেছে খেলা,
ভ্রমরের তরে প্রজাপতি তারে করেছে যে অবহেলা।

জলপোকা আজ বুকে আঁকে ভাঁজ অভিমানী নানা ছলে,
হৃদয় ভেঙে সে রওয়ানা দিয়েছে কভু না ফেরার জলে।
চাইবে না ফিরে, ফিরবে না আর কোনো রাতে মোহ ভুলে;
ভিজবে না জলে, তলাবে অতলে, ফিরবে না তবু কূলে।

ক্ষতে নত হয়ে এগোচ্ছে কীট, যন্ত্রণা থোকা থোকা;
যূথি বাঁধে গীত, তবুও যে কীট ভূলেনি বিগত ধোঁকা।

প্রকৃতি কাঁদে, প্রতীতির ফাঁদে বসু যে হারাবে খোকা;
ছলছল করে নির্মল তালে,
তবু ফিরবে না জলপোকা!

মানবজাতির জাগরণ

সামিয়া জাহান
শিক্ষার্থী
ডিপার্টমেন্ট অব ইনফরমেশন অ্যান্ড কমিউনিকেশন টেকনোলজি

জেগে থাকা মানুষকে কেমন করে জাগায়?
সব দেখে যে অন্ধ সাজে কিভাবে তাদের দেখায়?

কান্নারত বাচ্চা শুধু দেখতে মাকে চায়,
মা যে তার শহীদ হয়েছে বুঝানো বড় দায়!
বাবার নামের পোস্টারে আলিঙ্গনে শিশু,
রক্তে-মাাংসে মানুষটা যে আসবে না আর কভু।

বিশ্ব এসবই দেখে তবুও নিশ্চুপ
অন্য শহর! মরছে মরুক; যায় আসে কি খুব!

দিন পেরিয়ে মাস গড়ালেও লাশের মিছিল কমেনি,
সন্তান সব কবর দিয়ে পিতার অশ্রু থামেনি।
চোখের সামনে জিপ
গেলো তো প্রসূতি নারীর উপরে,
বিবেক কারও নড়লো না রে; চুপ করে তাও সকলে।

জেগে থাকা মানুষকে ভাই কেমন করে জাগায়?
সব দেখে যে অন্ধ সাজে কিভাবে তাদের বোঝায়?

লাশের সিঁড়ি বেয়ে বেয়ে উঠছে কত লোকে,
বিবেক যে আজ খেয়েছে সব অর্থ লোভী পোকে।
রাত্রি হলে খবর দেখে নিদ্রা যাওয়া সমাজ,
উদর-হস্তে রক্ত মেখে শুরু করে প্রভাত।

দেখেও যারা দেখে না কিছু, বুঝেও যারা বোঝেনা,
সকাল হলে চোখ খুলেও কিছুই তারা দেখেনা।

কাঁপেনি হাত ছুঁড়তে মিসাইল, ছুঁড়তে বারুদ-বোমা?
কাঁপেনি হাত বিষিয়ে দিতে দালান-অট্টালিকা?
হয়নি কী দরদ কভু ছোট্টো শিশুর তরেও?
জানাজা যাদের হয়নি নসীব শহীদ হয়ে মরেও।
নিজের দেশে নিপীড়িত যাযাবর আজ তারা,
অনাহারে, নির্বিচারে বড্ড দিশেহারা।

জেগে থাকা মানুষকে ভাই কেমন করে জাগায়?
সব দেখে যে অন্ধ সাজে কিভাবে তাদের দেখায়?

রাজপথে যেদিন রক্ত না ভাই বইবে খুশির জোয়ার,
মুক্ত যেদিন হবে তারা, বিজয় হবে তাদের,
যুদ্ধ থেমে শহীদ ভেজা মাটি আপন হবে যখন,
বলবো তখন মানবজাতির হয়েছে জাগরণ।

স্মৃতির পাতা

তামজিদ আহমেদ ইমন
শিক্ষার্থী
ডিপার্টমেন্ট অব কম্পিউটার সাইন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং

স্মৃতির পাতায় থেকে যাক
হারিয়ে যাওয়া সেই সোনালী দিনগুলো,
রুপালি চাঁদের আলোয় উদ্ভাসিত
সেই মায়াবী রাতগুলো।

স্মৃতির পাতায় থেকে যাক
শৈশবের সেই সোনালী দিনগুলো,
ভেলায় চেপে হারিয়ে যাওয়া
সেই মধুর স্মৃতিগুলো।

স্মৃতির পাতায় থেকে যাক
গ্রামের সবুজ মাঠে অবুঝ লুটোপুটি
ধূলোমাখা গায়ে মায়ের বকুনি
ডুব সাঁতারে হারিয়ে পাওয়া মধুর খুনসুটি।

স্মৃতির পাতায় থেকে যাক
গ্রামের আঁকাবাকা সেই মেঠোপথগুলো,
রাতের বেলায় ঝিঁঝিঁর ডাক
আর মায়াভরা সেই রাতগুলো।

স্মৃতির পাতায় থেকে যাক
অশ্রু নদীতে রিক্ত হওয়া গল্পগুলো,
কালের বিবর্তনে হারিয়ে যাওয়া
অবহেলার কৃষ্ণাভ আবরণের ক্ষণগুলো।

স্মৃতির পাতায় থেকে যাক
অতীত নামের সেই সুখস্মৃতি
মায়ার বাধনে বেঁধে রাখা সেই
ভালো লাগা অনুভূতি।

মহীয়সী নারী

তামান্না তাসনিম
শিক্ষার্থী
মাস্টার্স অব ইনফরমেশন অ্যান্ড কমিউনিকেশন টেকনোলজি

মহীয়সী শত নারীদের আজ গাইবো জয়গান,
নারীরা আজ পাচ্ছে কতটা মর্যাদা সম্মান !
ধৈর্য, বুদ্ধি, সাহসিকতায় অনন্যা এই নারী
কয়জন তাদের পরিপূর্ণ সম্মান দিতে পারি?
সদর অন্দরের সর্ব কাজে যার সফল পদচারণা
সেই তার খোঁজ কয়জনে রাখে আছে কি তোমার জানা?
পান থেকে চুন খসলে তোমার তিক্ত আচরণ
রূঢ় ব্যবহার হয় না যেন তার হীনমন্যতার কারণ।
তার ব্যর্থতা, অসুস্থতা বা মন খারাপের দিনে
ভালোবাসার হাত বাড়িয়ে পাশে থাকবে প্রতিক্ষণে।
পুরুষতান্ত্রিক এ সমাজ শুধু পুরুষকেই বড় করে
ভেবেছো কি সেই পুরুষকেই নারী গর্ভে ধারণ করে!
নারীর কারণে অলংকৃত প্রতিটি মলিন ঘর,
দশভুজা নারী দৃষ্টি যে তার সর্বদিকে প্রখর।
সবার সুখের জন্য যে দেয় নিজের সুখ বিসর্জন,
না ভুলি যেন করতে তার শখ আহ্লাদ পূরণ।
জয় হোক সে নারীদের, খুলুক সাম্যবাদের দ্বার
আনন্দময় হোক সকল সুন্দর সুখী পরিবার।

CADENCE

Annual Magazine | 2024

BANGLADESH UNIVERSITY OF PROFESSIONALS

Mirpur Cantonment, Dhaka-1216

www.bup.edu.bd